রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/১২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৪০-আইন/আয়কর/২০২৩।—যেহেতু Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর অধীন আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং কর ফাঁকি ও কর পরিহার রোধের উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং ইসলামি প্রজাতন্ত্রী ইরান সরকারের মধ্যে ৮ অক্টোবর, ২০২২ তারিখে নিম্ন তফসিলে বর্ণিত চুক্তি (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ) স্বাক্ষরিত হইয়াছে; এবং

যেহেতু উক্ত চুক্তির Article 30 এর উদ্দেশ্যপূরণকল্পে এবং উক্ত Ordinance এর section 144 এর বিধান অনুসারে উক্ত চুক্তির (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ) বিধানাবলি বাংলাদেশে কার্যকর করা প্রয়োজন;

সেহেতু সরকার, উক্ত Ordinance এর section 144 এ প্রদত্ত ক্ষমতাবলে, বিধান করিল যে, নিম্ন তফসিলে বর্ণিত চুক্তির (বাংলা পাঠ ও ইংরেজি পাঠ) বিধানাবলি ১ জুলাই, ২০২৩ তারিখ হইতে বাংলাদেশে কার্যকর হইবে, যথা:—

মূল্য : টাকা ৪৮.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

তফসিল

আল্লাহর নামে

আয়ের উপর দ্বৈত করারোপণ পরিহার এবং কর ফাঁকি ও কর পরিহার রোধের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ইসলামি প্রজাতন্ত্রী ইরান সরকারের মধ্যে চুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং ইসলামি প্রজাতন্ত্রী ইরান সরকার,
অতঃপর "চুক্তি-সম্পাদনকারী"রাষ্ট্র হিসাবে উল্লিখিত,

পরস্পরের মধ্যে অর্থনৈতিক সম্পর্কের অধিকতর উন্নয়ন এবং কর সম্পর্কিত বিষয়ে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে,
কর ফাঁকি ও কর পরিহারের (ট্রিটি-শপিং ব্যবস্থার মাধ্যমে তৃতীয় দেশের নিবাসীর জন্য এই চুক্তিতে বিধৃত করছাড়ের পরোক্ষ সুবিধা-লাভসহ) মাধ্যমে কর অনারোপণ অথবা স্বল্প করারোপণের সুযোগ সৃষ্টি না করিয়া আয়ের উপর দ্বৈতকর পরিহারের উদ্দেশ্যে চুক্তি সম্পাদনের অভিপ্রায়ে;

নিম্নরূপ বিষয়ে সম্মত হইল—

অনুচ্ছেদ ১
আওতাভুক্ত ব্যক্তিবর্গ

চুক্তি-সম্পাদনকারী এক অথবা উভয় রাষ্ট্রের নিবাসীদের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২
আওতাভুক্ত করসমূহ

১। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র অথবা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত আয়করের ক্ষেত্রে, উহা যে পদ্ধতিতেই ধার্য হউক না কেন, এই চুক্তি প্রযোজ্য হইবে।

২। এই চুক্তির আওতায় আয়কর অর্থ মোট আয়ের উপর অথবা আয়ের উপাদানের উপর ধার্যকৃত সকল কর, যাহার মধ্যে স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে প্রাপ্ত মুনাফা এবং কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মোট মজুরি অথবা বেতনের উপর প্রদত্ত করও অন্তর্ভুক্ত হইবে।

৩। এই চুক্তি বিদ্যমান যেসকল করের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, উহা বিশেষ করিয়া নিম্নরূপ—

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ক্ষেত্রে—

উহার অভ্যন্তরীণ আইনের বিধানানুসারে আরোপিত আয়কর;

(খ) ইসলামি প্রজাতন্ত্রী ইরানের ক্ষেত্রে—

উহার অভ্যন্তরীণ আইনের বিধানানুসারে আরোপিত আয়কর।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। চুক্তি স্বাক্ষরিত হইবার পর এই চুক্তির বিধানাবলি বিদ্যমান করসমূহের অতিরিক্ত কিংবা উহাদের পরিবর্তে চুক্তি-সম্পাদনকারী কোনো দেশের আইনানুসারে আরোপিত কোনো অভিন্ন বা মূলত একই ধরনের আয়করসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে। চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ উহাদের স্ব স্ব কর আইনে আনীত, এই চুক্তি প্রয়োগের জন্য যতখানি আবশ্যক ততখানি, পরিবর্তন সম্পর্কে পরস্পরকে অবহিত করিবে।

অনুচ্ছেদ ৩
সাধারণ সংজ্ঞাসমূহ

১। প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই চুক্তিতে—

(ক) "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানা এবং উহার সমুদ্রসীমা ও উপরিভাগের আকাশসীমা এবং যেকোনো সামুদ্রিক অঞ্চল যাহার উপর সমুদ্র-আইন সম্পর্কিত জাতিসংঘ কনভেনশন, ১৯৮২সহ আন্তর্জাতিক আইন এবং বাংলাদেশের আইনানুসারে বাংলাদেশের সার্বভৌম ক্ষমতা, অন্যান্য অধিকার ও অধিক্ষেত্র বিষয়ক অধিকার রহিয়াছে;

(খ) "ইসলামি প্রজাতন্ত্রী ইরান" অর্থ ইসলামি প্রজাতন্ত্রী ইরানের সার্বভৌমত্ব এবং/অথবা অধিক্ষেত্রাধীন রাষ্ট্রীয় সীমানা এবং ভূমি ও উহার সামুদ্রিক অঞ্চল, একচেটিয়া অর্থনৈতিক অঞ্চল ও মহীসোপান এবং উহাদের উপরিভাগের আকাশসীমা;

(গ) "ব্যক্তি" অর্থে কোনো প্রাকৃতিক সত্তা বিশিষ্ট ব্যক্তি, কোম্পানি এবং অন্য কোনো ব্যক্তিসংঘ অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "কোম্পানি" অর্থ কোনো বডি কর্পোরেট বা অন্য কোনো সংস্থা যাহা করারোপণের উদ্দেশ্যে বডি কর্পোরেট হিসাবে গণ্য;

(ঙ) "চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্র" এবং "চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র" অর্থ প্রসঙ্গ অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ অথবা ইসলামি প্রজাতন্ত্রী ইরান;

(চ) "চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান" এবং "চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান" অর্থ যথাক্রমে চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কর্তৃক পরিচালিত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান;

(ছ) "আন্তর্জাতিক পরিবহণ-ব্যবস্থা" অর্থ চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক জাহাজ বা বিমানের মাধ্যমে পরিচালিত পরিবহণ-ব্যবস্থা, তবে কেবল চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের বিভিন্ন স্থানের মধ্যে পরিচালিত নৌ-পরিবহণ অথবা বিমান-পরিবহণ পরিচালনা ইহার অন্তর্ভুক্ত হইবে না;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(জ) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ—

(অ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ক্ষেত্রে, জাতীয় রাজস্ব বোর্ড, অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি;

(আ) ইসলামি প্রজাতন্ত্রী ইরানের ক্ষেত্রে, অর্থনৈতিক বিষয়াবলি ও অর্থ সংক্রান্ত মন্ত্রী, অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি;

(ঝ) "নাগরিক", চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের ক্ষেত্রে, অর্থ—

(অ) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের জাতীয়তাধারী যেকোনো ব্যক্তি; এবং

(আ) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে বিদ্যমান আইনানুসারে অর্জিত মর্যাদাসম্পন্ন যেকোনো আইনানুগ ব্যক্তি, অংশীদারি কারবার ও সংঘ অথবা অন্য কোনো সত্তা।

২। প্রসঙ্গের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক এই চুক্তির বিধানাবলি কার্যকর করিবার ক্ষেত্রে, এই চুক্তিতে সংজ্ঞায়িত করা হয় নাই এইরূপ কোনো শব্দের অর্থ নির্ধারণের ক্ষেত্রে উক্ত সময়ে চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রে যে সকল করের ক্ষেত্রে এই চুক্তি প্রযোজ্য, সেই সকল আইনে উক্ত বিষয়ে প্রদত্ত অর্থ অথবা অন্যান্য আইনে এই বিষয়টি সংজ্ঞায়িত থাকিলে কর আইনে প্রদত্ত অর্থকে প্রাধান্য প্রদানপূর্বক প্রাপ্ত অর্থকে গ্রহণ করিতে হইবে।

অনুচ্ছেদ ৪
নিবাসী

১। এই চুক্তির উদ্দেশ্যে "চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী" অর্থ এইরূপ কোনো ব্যক্তি যিনি, উক্ত রাষ্ট্রের আইন অনুসারে, তাহার স্থায়ী নিবাস, আবাসস্থল, নিগম বা নিবন্ধন স্থান, ব্যবস্থাপনার স্থান অথবা অনুরূপ প্রকৃতির কোনো মানদণ্ড অনুযায়ী করারোপযোগ্য এবং চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্র অথবা স্থানীয় কর্তৃপক্ষ চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী হিসাবে অন্তর্ভুক্ত হইবে। তবে, কোনো রাষ্ট্রে কেবল উক্ত রাষ্ট্রের কোনো উৎস হইতে অর্জিত আয়ের জন্য করারোপযোগ্য কোনো ব্যক্তি নিবাসী অর্থে অন্তর্ভুক্ত হইবেন না।

২। যেক্ষেত্রে দফা ১ এর বিধানাবলির কারণে কোনো স্বতন্ত্র ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হিসাবে বিবেচিত হন, সেইক্ষেত্রে নিম্নরূপে তাহার মর্যাদা নির্ধারিত হইবে—

(ক) যে রাষ্ট্রে তাহার নিজস্ব স্থায়ী বাড়ি রহিয়াছে তিনি কেবল সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন; উভয় রাষ্ট্রেই তাহার স্থায়ী বাড়ি থাকিলে যে রাষ্ট্রের সহিত তাহার ব্যক্তিগত ও অর্থনৈতিক সম্পর্ক (অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের কেন্দ্র) ঘনিষ্ঠতর তিনি কেবল সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন;

(খ) কোনো রাষ্ট্রে তাহার অতীব গুরুত্বপূর্ণ স্বার্থের উৎস রহিয়াছে উহা নির্ণয় করা সম্ভব না হইলে, অথবা কোনো রাষ্ট্রেই তাহার নিজের কোনো স্থায়ী বাড়ি না থাকিলে, তিনি কেবল সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন যে রাষ্ট্রে তিনি সচরাচর বসবাস করিয়া থাকেন;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) উভয় রাষ্ট্রেই তিনি সচরাচর বসবাস করিলে, অথবা উহাদের কোনোটিতেই বসবাস না করিলে, তিনি যে রাষ্ট্রের নাগরিক কেবল সেই রাষ্ট্রের নিবাসী বলিয়া গণ্য হইবেন;

(ঘ) তিনি অভ্যন্তরীণ আইন অনুসারে উভয় রাষ্ট্রের নাগরিক হইলে অথবা কোনো রাষ্ট্রের নাগরিক না হইলে অথবা পূর্ববর্তী দফাসমূহ অনুসারে চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী হিসাবে গণ্য না হইলে, চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ পারস্পরিক সমঝোতার মাধ্যমে বিষয়টি মীমাংসা করিবে।

৩। দফা ১ এর বিধানাবলির কারণে স্বতন্ত্র ব্যক্তি ব্যতীত, কোনো ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের নিবাসী হইলে, চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত ব্যক্তির কার্যকর ব্যবস্থাপনার ক্ষেত্র, উহা নিবন্ধিত অথবা অন্য কোনোভাবে গঠিত হইবার স্থান এবং অন্য কোনো প্রাসঙ্গিক উপাদান বিবেচনায় নিয়া পারস্পরিক সমঝোতার মাধ্যমে উক্ত ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী হইবেন উহা নির্ধারণ করিবার প্রচেষ্টা চালাইবে। অনুরূপ মীমাংসার অবর্তমানে উক্ত ব্যক্তি এই চুক্তির বিধান অনুযায়ী, চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ যতটুকু এবং যে উপায়ে সম্মত হইবে উহা ব্যতীত, অন্য কোনো ছাড় অথবা অব্যাহতি পাইবেন না।

অনুচ্ছেদ ৫
স্থায়ী প্রতিষ্ঠান

১। এই চুক্তির উদ্দেশ্য পূরণকল্পে, "স্থায়ী প্রতিষ্ঠান" অর্থ ব্যবসার নির্দিষ্ট কোনো স্থান যে স্থানে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ব্যবসা সামগ্রিকভাবে বা আংশিকভাবে পরিচালিত হয়।

২। "স্থায়ী প্রতিষ্ঠান" অর্থে বিশেষভাবে নিম্নরূপ বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে—

(ক) ব্যবস্থাপনার স্থান;

(খ) শাখা;

(গ) অফিস;

(ঘ) কারখানা;

(ঙ) কর্মশিবির;

(চ) খনি, তৈল অথবা গ্যাসকূপ, প্রস্তর আহরণ খাদ, অথবা প্রাকৃতিক সম্পদ অনুসন্ধান, আহরণ এবং/অথবা ব্যবহার-স্থল;

(ছ) বিক্রয়কেন্দ্র; এবং

(জ) খামার, বাগান, অথবা অন্য কোনো স্থান যেখানে কৃষি, বনায়ন, বাগান, অথবা এই সম্পর্কিত কার্যাদি পরিচালিত হয়।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। "স্থায়ী প্রতিষ্ঠান" অর্থে অন্তর্ভুক্ত হইবে—

(ক) অট্টালিকা নির্মাণ-স্থান, নির্মাণ, সংযোজন বা স্থাপন-প্রকল্প অথবা উহার সহিত সংশ্লিষ্ট তদারকি কার্যক্রম কেবল যদি ২৭০ (দুইশত সত্তর) দিনের অধিককাল অব্যাহত বা চলমান থাকে;

(খ) কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক কর্মচারী অথবা অন্য কোনো কর্মী নিযুক্তকরণের মাধ্যমে পরামর্শ সেবাসহ কোনো সেবাপ্রদান কার্যক্রম, কেবল যদি উক্ত ধরনের কার্যক্রম চুক্তি-স্বাক্ষরকারী কোনো দেশে (একই অথবা সম্পর্কীত প্রকল্পের ক্ষেত্রে) কোনো ১২ (বারো) মাস সময়কালে সাকুল্যে ১৮৩ (একশত তিরাশি) দিনের অধিককাল চলমান থাকে।

৪। প্রাকৃতিক সম্পদ অনুসন্ধানে ব্যবহৃত কোনো স্থাপনা অথবা ড্রিলিং রিগ অথবা জাহাজ স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে, কেবল যদি উক্ত কার্যক্রম ৬ (ছয়) মাসের অধিককাল চলমান থাকে। একটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের সহিত ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত কোনো কার্যক্রম যে ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান সহিত উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত সেই ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের কার্যক্রম হিসাবে গণ্য হইবে যদি উক্ত কার্যক্রম—

(ক) মূলত শেষোক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত কার্যক্রমের অনুরূপ হয়; এবং

(খ) একই প্রকল্প অথবা পরিচালনের সহিত সম্পর্কযুক্ত থাকে,

কেবল উক্ত কার্যক্রমসমূহের যতখানি যুগপৎ সম্পাদিত ততখানি ব্যতীত।

৫। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, নিম্নরূপ বিষয়সমূহ "স্থায়ী প্রতিষ্ঠান" হিসাবে গণ্য হইবে না:

(ক) কেবল ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন দ্রব্য বা পণ্যসামগ্রী মজুতকরণ বা প্রদর্শনের উদ্দেশ্যে সুবিধাদির ব্যবহার;

(খ) কেবল মজুতকরণ বা প্রদর্শনের উদ্দেশ্যে ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন মজুত দ্রব্য বা পণ্যসামগ্রী সংরক্ষণ;

(গ) ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন মজুত দ্রব্য বা পণ্যসামগ্রী অন্য কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক কেবল প্রক্রিয়াজাতকরণের জন্য সংরক্ষণ;

(ঘ) ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের জন্য কেবল দ্রব্য বা পণ্যসামগ্রী ক্রয় করিবার উদ্দেশ্যে কিংবা তথ্য সংগ্রহের নিমিত্ত ব্যবসার নির্দিষ্ট স্থান সংরক্ষণ;

(ঙ) ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের জন্য কেবল প্রস্তুতিমূলক বা সহায়ক ধরনের অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান সংরক্ষণ;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(চ) উপ-দফা (ক) হইতে (ঙ) এ বর্ণিত কার্যক্রমসমূহের যেকোনো সমন্বয়ের জন্য ব্যবসার নির্দিষ্ট স্থান সংরক্ষণ:

তবে শর্ত থাকে যে, উক্ত কার্যক্রম অথবা উপ-দফা (চ)-এর ক্ষেত্রে সার্বিক কার্যক্রম যেন প্রস্তুতিমূলক অথবা সহায়ক ধরনের হয়।

৬। দফা ৫ এর বিধানাবলি কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত অথবা সংরক্ষিত ব্যবসায়ের কোনো নির্দিষ্ট স্থানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যদি একই ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অথবা ঘনিষ্ঠভাবে সম্পর্কিত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান একই স্থানে অথবা চুক্তি-সম্পাদনকারী একই রাষ্ট্রের ভিন্ন কোনো স্থানে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে এবং-

(ক) সেই স্থান অথবা অপর স্থান এই অনুচ্ছেদের বিধান অনুযায়ী উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অথবা ঘনিষ্ঠভাবে সম্পর্কিত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের স্থায়ী প্রতিষ্ঠান হয়; অথবা

(খ) দুইটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক একই স্থানে, অথবা একই ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অথবা ঘনিষ্ঠভাবে সম্পর্কিত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক দুইটি স্থানে পরিচালিত কার্যক্রমের সমন্বয়ের ফলে সার্বিক কার্যক্রম প্রস্তুতিমূলক অথবা সহায়ক ধরনের না হয়:

তবে শর্ত থাকে যে, দুইটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক একই স্থানে, অথবা একই ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অথবা ঘনিষ্ঠভাবে সম্পর্কিত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক দুইটি স্থানে পরিচালিত ব্যবসায়িক কার্যক্রমসমূহ যেন এইরূপ পরিপূরক কার্যক্রম হয় যাহা সুসংহত ব্যবসায়িক পরিচালনের অংশ।

৭। দফা ১ এবং ২ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, দফা ৮ এর বিধানাবলি সাপেক্ষে, যদি কোনো ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে কর্মরত থাকেন এবং এইরূপ কর্মরত থাকা অবস্থায় সচরাচর চুক্তি সম্পাদন করেন, অথবা চুক্তি সম্পাদনের ক্ষেত্রে সচরাচর মূল ভূমিকা পালন করেন যাহা উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক কোনো বড় ধরনের পরিবর্তন ছাড়াই নিয়মিতভাবে চূড়ান্ত হয়, এবং এই চুক্তিসমূহ—

(ক) উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের নামে; অথবা

(খ) উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন অথবা উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ব্যবহারের অধিকার রহিয়াছে এইরূপ সম্পদের মালিকানা পরিবর্তন, অথবা ব্যবহারের অধিকার প্রদানের জন্য; অথবা

(গ) উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক সেবা প্রদানের জন্য সম্পাদিত হয়,

তাহা হইলে চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রে উক্ত ব্যক্তি কর্তৃক উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের জন্য পরিচালিত কার্যক্রমের ক্ষেত্রে স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে মর্মে গণ্য হইবে, যদি উক্ত ব্যক্তির কার্যক্রম দফা ৫ এ উল্লিখিত কার্যক্রমসমূহের মধ্যে সীমাবদ্ধ না থাকে, যাহা ব্যবসার নির্দিষ্ট স্থানের মাধ্যমে পরিচালিত হইলেও ব্যবসার উক্ত নির্দিষ্ট স্থান উক্ত দফার বিধানাবলি সাপেক্ষে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে বিবেচিত হইত না।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে কার্য সম্পাদনরত কোনো ব্যক্তি যদি চুক্তি সম্পাদন না করেন, কিন্তু প্রথমোক্ত রাষ্ট্রে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন মজুত দ্রব্য বা পণ্যসামগ্রী সচরাচর সংরক্ষণ করিয়া থাকেন যাহা হইতে তিনি উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে দ্রব্য বা পণ্যসামগ্রী নিয়মিত বিতরণ করিয়া থাকেন, তবে, উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান সেই রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে।

৮। দফা ৭ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না যদি চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে কার্য সম্পাদনরত কোনো ব্যক্তি প্রথমোক্ত রাষ্ট্রে স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনা করেন এবং তাহার ব্যবসার স্বাভাবিক কার্যক্রম হিসাবে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে কার্যসম্পাদন করেন। তবে, এইরূপ কোনো ব্যক্তি সম্পূর্ণরূপে বা প্রায় সম্পূর্ণরূপে কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অথবা উহার সহিত ঘনিষ্ঠভাবে সম্পর্কিত কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের পক্ষে কার্য সম্পাদন করেন, তাহা হইলে উক্ত ব্যক্তি এই দফার অধীন স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন এজেন্ট হিসাবে গণ্য হইবেন না।

৯। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো বিমা-প্রতিষ্ঠান যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অনুচ্ছেদ ৮ এর আওতাভুক্ত স্বতন্ত্র মর্যাদাসম্পন্ন কোনো এজেন্ট ব্যতীত অন্য কোনো ব্যক্তির মাধ্যমে, এর ব্যবসায়িক কার্যক্রম ব্যতিরেকে কোনো বিমা-কিস্তি সংগ্রহ করিয়া থাকে অথবা ঝুঁকি-বিমা সম্পাদন করিয়া থাকে, তাহা হইলে উক্ত প্রতিষ্ঠানের অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

১০। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানিকে নিয়ন্ত্রণ করিলে অথবা তৎকর্তৃক নিয়ন্ত্রিত হইলেই, অথবা চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠান অথবা অন্য কোনোভাবে ব্যবসা পরিচালনা করিলেই উহা অপর কোম্পানির স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গণ্য হইবে না।

১১। এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো ব্যক্তি অথবা ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অপর কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের সহিত ঘনিষ্ঠভাবে সম্পর্কিত বলিয়া বিবেচিত হইবে, যদি সকল প্রাসঙ্গিক তথ্য ও পরিস্থিতির ভিত্তিতে, কেউ অপরের অথবা উভয়ই একই ব্যক্তি অথবা ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীনে থাকে। যেকোনো ক্ষেত্রেই, কোনো ব্যক্তি অথবা ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অপর কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের সহিত ঘনিষ্ঠভাবে সম্পর্কিত বলিয়া বিবেচিত হইবে, যদি কেউ প্রত্যক্ষ বা পরোক্ষাভাবে অপরের ৫০% (পঞ্চাশ শতাংশ) এর অধিক সুবিধাভোগী স্বত্বের অধিকারী হয় [অথবা, কোনো কোম্পানির ক্ষেত্রে, মোট ভোট এবং কোম্পানির শেয়ার মূল্যের অথবা কোম্পানির সুবিধাভোগী মালিকানা স্বত্বের ৫০% (পঞ্চাশ শতাংশ) এর অধিক] অথবা যদি অন্য কোনো ব্যক্তি অথবা ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত ব্যক্তি এবং ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানে অথবা দুইটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানে ৫০% (পঞ্চাশ শতাংশ) এর অধিক সুবিধাভোগী স্বত্বের অধিকারী হয় [অথবা, কোনো কোম্পানির ক্ষেত্রে, মোট ভোট এবং কোম্পানির শেয়ার মূল্যের অথবা কোম্পানির সুবিধাভোগী মালিকানা স্বত্বের ৫০% (পঞ্চাশ শতাংশ) এর অধিক]।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ৬
স্থাবর সম্পত্তি হইতে আয়

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত স্থাবর সম্পত্তি (কৃষি বা বনায়ন হইতে অর্জিত আয়সহ) হইতে উদ্ভূত আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে স্থাবর সম্পত্তি অবস্থিত সেই রাষ্ট্রের আইন অনুসারে "স্থাবর সম্পত্তি" যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ বহন করিবে। যেকোনো ক্ষেত্রেই "স্থাবর সম্পত্তি" অর্থ স্থাবর সম্পত্তির আনুষঙ্গিক সকল সম্পত্তি, গবাদি পশু, কৃষি অথবা বনায়নে ব্যবহৃত সরঞ্জামাদি, ভূ-সম্পত্তি সংক্রান্ত অধিকারের ক্ষেত্রে সাধারণ আইনের বিধানাবলি প্রযোজ্য হয় এইরূপ অধিকার, অন্যের স্থাবর সম্পত্তি ভোগের অধিকার এবং প্রাকৃতিক সম্পদ অথবা দণ্ডায়মান দারুবৃক্ষ অনুসন্ধান অথবা ব্যবহারের অধিকার, এবং কার্যের বিনিময়ে পরিবর্তনশীল বা নির্ধারিত পরিমাণ প্রাপ্তির অধিকার অথবা কার্যের অধিকার এবং খনিজের মজুত, প্রস্তর আহরণ খাদ, উৎস ও তেল গ্যাসসহ অন্যান্য প্রাকৃতিক সম্পদ অন্তর্ভুক্ত হইবে; তবে, জাহাজ, নৌকা ও উড়োজাহাজ স্থাবর সম্পত্তিরূপে গণ্য হইবে না।

৩। দফা ১ এর বিধানাবলি স্থাবর সম্পত্তির সরাসরি ব্যবহার, ভাড়া বা অন্য যেকোনো উপায়ে ব্যবহার বাবদ প্রাপ্ত আয়ের উপর প্রযোজ্য হইবে।

৪। দফা ১ ও ৩ এর বিধানাবলি কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তি হইতে আয়ের ক্ষেত্রে এবং স্বতন্ত্রভাবে ব্যক্তিগত কার্যে ব্যবহৃত স্থাবর সম্পত্তি হইতে আয়ের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৭
ব্যবসায় মুনাফা

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মুনাফা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা না করে। যদি উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান অপর রাষ্ট্রে উপরি-উক্তভাবে ব্যবসা পরিচালনা করে, তাহা হইলে দফা ২ এর বিধান অনুযায়ী উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপযোগ্য উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মুনাফার উপর অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

২। এই অনুচ্ছেদ এবং অনুচ্ছেদ ২৩ এর উদ্দেশ্যপূরণকল্পে, দফা ১ এ উল্লিখিত চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠান যদি কোনো স্বতন্ত্র ও পৃথক ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান হিসাবে নিয়োজিত থাকিয়া একই বা অনুরূপ শর্তানুসারে একই বা অনুরূপ কার্যাবলি পরিচালনা করিত এবং উহা যে ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের স্থায়ী প্রতিষ্ঠান, উহার সহিত সম্পূর্ণ স্বতন্ত্রভাবে ব্যবসা করিত, তাহা হইলে যে পরিমাণ মুনাফা অর্জিত হইত বলিয়া প্রত্যাশা করা যাইত, উক্ত স্থায়ী প্রতিষ্ঠান এবং উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের অপরাপর অংশসমূহ কর্তৃক সম্পাদিত কার্যাবলি, ব্যবহৃত সম্পদ এবং গৃহীত ঝুঁকি বিবেচনায় লইয়া সেই পরিমাণ মুনাফা উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপিত হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নির্ধারণের ক্ষেত্রে, অভ্যন্তরীণ আইনে অনুমোদনযোগ্য খরচ এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের নির্বাহী ও সাধারণ প্রশাসনিক ব্যয়সহ স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনার জন্য স্থায়ী প্রতিষ্ঠান যে রাষ্ট্রে অবস্থিত সেই রাষ্ট্রে বা অন্য কোথাও ব্যয়িত খরচ কর্তন হিসাবে অনুমোদন করা হইবে। তবে, কোনো কর্তন অনুমোদন করা হইবে না, যদি স্থায়ী প্রতিষ্ঠান ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় বা উহার অন্য কোনো কার্যালয়কে পেটেন্ট, নো হাউ বা অন্য কোনো অধিকার ব্যবহারের বিপরীতে রয়্যালটি, ফি বা অনুরূপ অন্য কোনো অর্থ পরিশোধ (প্রকৃত খরচের পুনর্ভরণ ব্যতীত) করে অথবা নির্দিষ্ট সেবা প্রদান বা ব্যবস্থাপনার জন্য কমিশন অথবা অন্য কোনো চার্জ প্রদান করে অথবা ব্যাংকিং ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্র ব্যতীত, অন্য কোনো ক্ষেত্রে স্থায়ী প্রতিষ্ঠানকে প্রদত্ত ঋণের বিপরীতে সুদ পরিশোধ করে। অনুরূপভাবে, স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা নিরূপণের ক্ষেত্রে, স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক প্রধান কার্যালয় বা উহার অন্য কোন কার্যালয়কে পেটেন্ট বা অন্য কোনো অধিকার ব্যবহারের বিপরীতে রয়্যালটি, ফি বা অনুরূপ অন্য কোনো অর্থাদি অথবা নির্দিষ্ট সেবা প্রদান বা ব্যবস্থাপনার জন্য কমিশন চার্জ করা হইলে (প্রকৃত খরচের পুনর্ভরণ ব্যতীত) অথবা ব্যাংকিং ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্র ব্যতীত অন্য কোনো ক্ষেত্রে প্রধান কার্যালয় বা ইহার অন্য কোনো কার্যালয় কর্তৃক ঋণের বিপরীতে স্থায়ী প্রতিষ্ঠানকে সুদ পরিশোধ করা হইলে উহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের আয় হিসাবে বিবেচিত হইবে না।

৪। কোনো স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের জন্য পণ্য অথবা দ্রব্যসামগ্রী ক্রয় করা হইয়াছে কেবল এই কারণে উক্ত স্থায়ী প্রতিষ্ঠানের উপর কোনো মুনাফা আরোপ করা যাইবে না।

৫। পূর্ববর্তী দফাসমূহের উদ্দেশ্যপূরণকল্পে কোনো স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপনীয় মুনাফা প্রতি বৎসর একই পদ্ধতিতে নির্ধারণ করা হইবে, যদি উহার বিপরীতে সঠিক এবং পর্যাপ্ত কারণ না থাকে।

৬। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের স্থায়ী প্রতিষ্ঠানের উপর আরোপযোগ্য মুনাফা যে কর বৎসরে আরোপযোগ্য হইত, সেই কর বৎসর সমাপ্ত হইবার ৬ (ছয়) বৎসর পরে চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মুনাফা সমন্বয় করিবে না। এই দফার বিধানসমূহ প্রতারণা, স্পষ্ট অবহেলা অথবা কর বাধ্যবাধকতা পরিপালনে ইচ্ছাকৃত ব্যর্থতার ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৭। যেক্ষেত্রে মুনাফার মধ্যে এইরূপ আয় অন্তর্ভুক্ত থাকে যাহার সম্পর্কে এই চুক্তির অন্যান্য অনুচ্ছেদে পৃথকভাবে ব্যবস্থা গৃহীত হইয়াছে, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি দ্বারা উক্ত অনুচ্ছেদসমূহের বিধানাবলি ক্ষুণ্ন হইবে না।

অনুচ্ছেদ ৮
আন্তর্জাতিক জাহাজ ও বিমান পরিবহণ

১। চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের আন্তর্জাতিক পরিবহণ-ব্যবস্থা হইতে বিমান বা জাহাজ পরিচালনা বাবদ প্রাপ্ত মুনাফা উক্ত রাষ্ট্রে করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে আন্তর্জাতিক পরিবহণ পথে জাহাজ চলাচলের মাধ্যমে অর্জিত আয় উক্ত অপর রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, তবে উক্ত অপর রাষ্ট্রে উক্তরূপ আয়ের উপর কর ৪% (চার শতাংশ) সমহারে আরোপিত হইবে, তবে শর্ত থাকে যে, কোনো রাষ্ট্রের অভ্যন্তরীণ আইনে কোনো পরিবর্তনের কারণে জাহাজ পরিচালনা কার্যক্রমের উপর নিম্নহারে করযোগ্য হইলে, অথবা এই অঞ্চলে অন্য কোনো রাষ্ট্রের সহিত নিম্নহারে করারোপণে সম্মত হইলে এই ক্ষেত্রে উক্ত নিম্নহার প্রযোজ্য হইবে।

৩। দফা ১ এবং, ক্ষেত্রমত, দফা ২ এর বিধানাবলি কোনো পুল, যৌথ ব্যবসা অথবা আন্তর্জাতিকভাবে পরিচালিত এজেন্সিতে অংশগ্রহণের ফলে অর্জিত মুনাফার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে, তবে, যৌথ পরিচালনায় উক্ত অংশগ্রহণকারীর শেয়ার অনুপাতে অর্জিত মুনাফার যতটুকু উক্ত অংশগ্রহণকারীর উপর আরোপযোগ্য ততটুকুর উপর এই বিধান প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ৯
সহযোগী প্রতিষ্ঠান

১। যেক্ষেত্রে—

(ক) চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ বা মূলধনে অংশগ্রহণ করে; অথবা

(খ) একই ব্যক্তিবর্গ চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের এবং চুক্তি সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা, নিয়ন্ত্রণ অথবা মূলধনে, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, অংশগ্রহণ করে;

এবং উভয় ক্ষেত্রে যদি দুইটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মধ্যে বাণিজ্যিক বা আর্থিক সম্পর্কের কারণে উহাদের মধ্যে এইরূপ শর্ত আরোপিত থাকে যাহা উহারা স্বাধীন ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান হিসাবে কাজ করিলে একইরূপ হইত না, সেইক্ষেত্রে কোনো একটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের উক্ত শর্তসমূহের জন্য অর্জিত হয় নাই কিন্তু শর্তসমূহ না থাকিলে অর্জিত হইত এইরূপ মুনাফাকে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মুনাফার অন্তর্ভুক্ত করা যাইবে এবং তদনুযায়ী করারোপ করা যাইবে।

২। যেক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী কোনো এক রাষ্ট্র উহার কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে এইরূপ কোনো মুনাফা অন্তর্ভুক্ত করিয়া তদনুসারে করারোপ করিয়া থাকে যে মুনাফার জন্য অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানকে উক্ত অপর রাষ্ট্রে করারোপ করা হইয়াছে এবং অনুরূপভাবে অন্তর্ভুক্ত মুনাফা যদি এইরূপ মুনাফা হয় যে, উক্ত মুনাফা প্রথমোক্ত রাষ্ট্রে ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মুনাফা হইত যদি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান দুইটির মধ্যে সম্পাদিত শর্তসমূহ পরস্পর স্বতন্ত্র ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে সম্পাদিত শর্তের ন্যায় হইত, সেইক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র উক্ত মুনাফার বিপরীতে যে পরিমাণ করারোপ করিয়াছে উহা যথাযথভাবে সমন্বয় করিবে। এইরূপ সমন্বয়ের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে, এই চুক্তির অন্যান্য বিধানাবলি বিবেচনায় রাখিতে হইবে এবং এই উদ্দেশ্য পূরণকল্পে চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ প্রয়োজনে পরস্পর আলোচনা করিবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(৩) চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কোনো একটি ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক অর্জিত হইত, কিন্তু দফা ১ এ বর্ণিত শর্তসমূহের জন্য অর্জিত হয় নাই এইরূপ মুনাফা যে করবৎসরে উক্ত মুনাফা উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক অর্জিত হইত সেই করবৎসর সমাপ্ত হইবার পরবর্তী ৬ (ছয়) বৎসর অতিক্রান্ত হইবার পরে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মুনাফার অন্তর্ভুক্ত করিতে এবং তদনুযায়ী করারোপ করিতে পারিবে না। এই দফার বিধানসমূহ প্রতারণা, স্পষ্ট অবহেলা অথবা ইচ্ছাকৃত ব্যর্থতার ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

(৪) দফা ২ এর বিধানসমূহ প্রযোজ্য হইবে না যেইখানে কোনো বিচারিক, প্রশাসনিক অথবা অন্য কোনো আইনগত কার্যধারার ফলস্বরূপ এইরূপ চূড়ান্ত রায় প্রদত্ত হয় যে, দফা ১ এর অধীন এইরূপ কোনো কার্য যাহার ফলে কোনো মুনাফার সমন্বয় উদ্ভূত হয়, সেইরূপ কার্যের দ্বারা কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান প্রতারণা, স্পষ্ট অবহেলা অথবা ইচ্ছাকৃত ব্যর্থতার কারণে কোনো জরিমানা প্রদানে বাধ্য হয়।

অনুচ্ছেদ ১০
লভ্যাংশ

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানি কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের উপর অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

২। তবে, এইরূপ লভ্যাংশ প্রদানকারী কোম্পানি চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রের আইনানুযায়ী উক্ত লভ্যাংশের উপর সেই রাষ্ট্রেও করারোপ করা যাইবে, কিন্তু লভ্যাংশের সুবিধাভোগী মালিক যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হয়, তাহা হইলে আরোপিত উক্ত করের পরিমাণ নিম্নে উল্লিখিত পরিমাণের অধিক হইবে না—

(ক) মোট লভ্যাংশের ১০% (দশ শতাংশ), যদি সুবিধাভোগী মালিক এইরূপ কোনো কোম্পানি হয় যাহা লভ্যাংশ প্রদানকারী কোম্পানির মূলধনের কমপক্ষে ১০% (দশ শতাংশ) ৩৬৫ (তিনশত পঁয়ষট্টি) দিন সময়কাল ব্যাপী, যাহার মধ্যে লভ্যাংশ প্রদানের দিন অন্তর্ভুক্ত, সরাসরি ধারণ করে (উক্ত সময়কাল পরিগণনার উদ্দেশ্যে, কোনো কোম্পানি যাহা শেয়ার ধারণ করে অথবা লভ্যাংশ প্রদান করে উহার কর্পোরেট পুনর্গঠন, যেমন একত্রীকরণ অথবা বিভাজনজনিত পুনর্গঠন, এর প্রত্যক্ষ ফলস্বরূপ মালিকানা পরিবর্তন বিবেচনায় আনা হইবে না);

(খ) অন্য সকল ক্ষেত্রে মোট লভ্যাংশের ১৫% (পনেরো শতাংশ)।

অর্জিত মুনাফা হইতে লভ্যাংশ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানির করারোপণকে এই দফার বিধানাবলি প্রভাবিত করিবে না।

৩। এই অনুচ্ছেদে ব্যবহৃত ‘‘লভ্যাংশ’’ অর্থ, ঋণ-দাবি ব্যতীত, মুনাফায় অংশগ্রহণ করে এইরূপ শেয়ার, “জুইসন্স” শেয়ার অথবা “জুইসন্স” অধিকার, মাইনিং শেয়ার, ফাউন্ডার শেয়ার অথবা অন্যান্য অধিকার হইতে আয় এবং এইরূপ কর্পোরেট অধিকার হইতে আয় যাহা লভ্যাংশ প্রদানকারী কোম্পানি যে রাষ্ট্রের নিবাসী সেই রাষ্ট্রের আইন অনুযায়ী শেয়ার হইতে আয়ের উপর যেইরূপ করারোপ করা হয় সেইরূপ করারোপযোগ্য।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। লভ্যাংশের সুবিধাভোগী মালিক যদি চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন, লভ্যাংশ প্রদানকারী কোম্পানি যাহার নিবাসী, অথবা চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে সেখানে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে হোল্ডিং এর নিমিত্ত উক্ত লভ্যাংশ প্রদান করা হয় উহা যদি কার্যকরভাবে সেখানে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট হয়, তাহা হইলে দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা ক্ষেত্রমত, অনুচ্ছেদ ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৫। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানি কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে কোনো মুনাফা বা আয় উদ্ভূত হইলে, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র উক্ত কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশের উপর কোনো কর আরোপ করিতে পারিবে না, তবে উক্ত চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসীকে প্রদত্ত লভ্যাংশের ক্ষেত্রে অথবা যে হোল্ডিং এর নিমিত্ত লভ্যাংশ প্রদান করা হয়, সেই হোল্ডিং উক্ত চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সম্পর্কিত থাকিবার ক্ষেত্রে ইহার ব্যতিক্রম হইবে। প্রদত্ত লভ্যাংশ বা অবণ্টিত মুনাফা সম্পূর্ণ বা আংশিকভাবে উক্ত চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত হইলেও, কোম্পানির উক্ত অবণ্টিত মুনাফার উপর উক্ত অপর রাষ্ট্রে কোনো কর আরোপ করা হইবে না।

অনুচ্ছেদ ১১
সুদ

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত সুদ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদান করা হইলে উহার উপর চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

২। তবে, এইরূপ সুদ চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইন অনুসারে সেই রাষ্ট্রেও করারোপ করা যাইবে, কিন্তু উক্ত সুদের সুবিধাভোগী মালিক যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন, তাহা হইলে অনুরূপভাবে ধার্যকৃত করের পরিমাণ মোট সুদের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত "সুদ" অর্থ বন্ধকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত হউক বা না হউক এবং ঋণ গ্রহীতার মুনাফায় অংশগ্রহণের অধিকার থাকুক বা না থাকুক, এইরূপ সকল প্রকার ঋণ-দাবি হইতে উদ্ভূত আয়, এবং বিশেষত সরকারি সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চারের সহিত সংশ্লিষ্ট প্রিমিয়াম ও পুরস্কারসহ সিকিউরিটি, বন্ড বা ডিবেঞ্চার হইতে উদ্ভূত আয় অন্তর্ভুক্ত হইবে। এই অনুচ্ছেদের উদ্দেশ্যে, সুদ অর্থে পরিশোধ করিতে বিলম্ব হইবার কারণে আরোপিত জরিমানামূলক চার্জসমূহ অন্তর্ভুক্ত হইবে না।

৪। এই অনুচ্ছেদের দফা ২ এর বিধানাবলিতে যাহাই কিছু থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের সরকার, তাহার কেন্দ্রীয় ব্যাংক অথবা অন্য কোনো সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক এবং প্রতিষ্ঠান কর্তৃক অর্জিত সুদ প্রথমোক্ত রাষ্ট্রে কর হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে, তবে শর্ত থাকে যে, এইরূপ ব্যক্তিকে উক্ত সুদের সুবিধাভোগী মালিক হইতে হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৫। এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না, যদি সুদের সুবিধাভোগী মালিক চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র যেখানে সুদ উদ্ভূত হইয়াছে সেইখানে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন, অথবা চুক্তি-সম্পাদনকারী সেই রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং যে ঋণ-দাবির কারণে সুদ প্রদত্ত হইয়াছে উহা যদি কার্যকরভাবে এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট হয়। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা, ক্ষেত্রমত, ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৬। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে সুদ তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন পরিশোধকারী উক্ত রাষ্ট্রের একজন নিবাসী হন। তবে, যেক্ষেত্রে, যে ব্যক্তি সুদ পরিশোধ করিতেছেন তিনি চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হউন বা না হউন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে তাহার কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকিলে এবং যে ঋণ-দায়ের বিপরীতে উক্ত সুদ পরিশোধ করা হইয়াছে উহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সম্পর্কিত থাকিলে এবং উক্ত সুদ উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করিলে, সেইক্ষেত্রে যে রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উক্ত সুদ উদ্ভূত হইয়াছে মর্মে গণ্য হইবে।

৭। যেক্ষেত্রে, সুদ পরিশোধকারী ও সুবিধাভোগী মালিকের মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোনো ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত সুদের পরিমাণ, যে ঋণ-দাবি বাবদ সুদ প্রদান করা হয় উহা বিবেচনায় এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত সুদ পরিশোধকারী ও সুদের সুবিধাভোগী মালিক যে পরিমাণ সুদ প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, উক্ত পরিশোধের অতিরিক্ত অংশ চুক্তি-সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১২
রয়্যালটি

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত রয়্যালটি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

২। তবে, চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে উক্ত রয়্যালটি উদ্ভূত হয় সেই রাষ্ট্রের আইন অনুযায়ী সেই রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে, কিন্তু রয়্যালটির সুবিধাভোগী মালিক যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন, তাহা হইলে এইরূপে ধার্যকৃত কর রয়্যালটির মোট পরিমাণের ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) এর অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে বর্ণিত "রয়্যালটি" অর্থ কোনো সাহিত্য, শিল্প বা বৈজ্ঞানিক কপিরাইটস্বত্ব যাহার মধ্যে বেতার বা টেলিভিশন প্রচারকার্যে ব্যবহৃত সিনেম্যাটোগ্রাফ মুভি, ফিল্ম অথবা টেপ এবং অন্য যেকোনো পদ্ধতিতে ইমেজ অথবা শব্দ সঞ্চালন অথবা পুনরুৎপাদন অন্তর্ভুক্ত, এবং কোনো সফটওয়্যার, পেটেন্ট, ট্রেডমার্ক, নো হাউ, নকশা বা মডেল, পরিকল্পনা, গুপ্ত ফর্মুলা বা প্রক্রিয়া অথবা শিল্প, বাণিজ্য বা বিজ্ঞান বিষয়ক যন্ত্রপাতি বা শিল্প, বাণিজ্য বা বিজ্ঞান বিষয়ক অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদির ব্যবহার বা ব্যবহারের অধিকারের বিনিময় হিসাবে প্রাপ্ত যেকোনো প্রকার অর্থাদি।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। রয়্যালটির সুবিধাভোগী মালিক চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র যেখানে রয়্যালটি উদ্ভূত হইয়াছে, সেই রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করিলে অথবা অপর রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে সেখানে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করিলে এবং যে অধিকার বা সম্পত্তি বাবদ উক্ত রয়্যালটি প্রদান করা হয় উহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সংশ্লিষ্ট হইলে দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা, ক্ষেত্রমত, ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৫। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে রয়্যালটি তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন রয়্যালটি প্রদানকারী চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের একজন নিবাসী হন। তবে, রয়্যালটি প্রদানকারী ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী হউন বা না হউন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে যদি তাহার কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকে যাহার কারণে রয়্যালটি প্রদানের বাধ্যবাধকতা উদ্ভূত হইয়াছে এবং উক্ত রয়্যালটি উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র বহন করিয়া থাকে, তাহা হইলে চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র অবস্থিত সেই রাষ্ট্রে উক্ত রয়্যালটি উদ্ভূত হইয়াছে মর্মে গণ্য হইবে।

৬। যেক্ষেত্রে রয়্যালটি প্রদানকারী ও রয়্যালটির সুবিধাভোগী মালিকের মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোনো ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু রয়্যালটির পরিমাণ, যে ব্যবহার, অধিকার অথবা তথ্য বাবদ রয়্যালটি প্রদত্ত হয় উহা বিবেচনায়, এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত রয়্যালটি প্রদানকারী ও সুবিধাভোগী মালিক যে পরিমাণ রয়্যালটি প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে, উক্ত পরিশোধের অতিরিক্ত অংশ চুক্তি-সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্ব স্ব আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৩
কারিগরি সেবার ফি

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে উদ্ভূত এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত কারিগরি সেবার ফি এর উপর চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

২। তবে, অনুচ্ছেদ ১৫ এর বিধানাবলি সত্ত্বেও এবং অনুচ্ছেদ ৮, ১৬, ১৭, ১৮ ও ২০ এর বিধানাবলি সাপেক্ষে, এইরূপ কারিগরি সেবার ফি যে রাষ্ট্রে উদ্ভূত হয় সেই রাষ্ট্রে এবং সেই রাষ্ট্রের আইন অনুযায়ী করারোপযোগ্য হইবে; কিন্তু কারিগরি সেবার ফি এর সুবিধাভোগী মালিক যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন, তাহা হইলে এইরূপে ধার্যকৃত কর মোট কারিগরি সেবার ফি এর ৭.৫% (সাত দশমিক পাঁচ শতাংশ) এর অধিক হইবে না।

৩। এই অনুচ্ছেদে ব্যবহৃত "কারিগরি সেবার ফি" অর্থ এই চুক্তির ১২ এবং ১৫ অনুচ্ছেদে উল্লিখিত প্রদত্ত অর্থাদি ব্যতীত ব্যবস্থাপনাগত, কারিগরি অথবা পরামর্শমূলক সেবার বিনিময়ে কোনো ব্যক্তিকে প্রদত্ত যেকোনো অর্থ।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৪। যদি কারিগরি সেবার ফি এর সুবিধাভোগী মালিক চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া, চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র যেখানে কারিগরি সেবার ফি উদ্ভূত হইয়াছে, সেখানে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠান অথবা নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন, এবং উক্ত কারিগরি সেবার ফি উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সংশ্লিষ্ট হয় তাহা হইলে এই অনুচ্ছেদের দফা ১ ও ২ এর বিধানাবলি প্রযোজ্য হইবে না। এইরূপ ক্ষেত্রে, অনুচ্ছেদ ৭ অথবা, ক্ষেত্রমত, অনুচ্ছেদ ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৫। এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, দফা ৬ এর বিধানাবলি সাপেক্ষে, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে কারিগরি সেবার ফি তখনই উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে যখন কারিগরি সেবার ফি প্রদানকারী উক্ত চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের একজন নিবাসী হন অথবা যদি ফি প্রদানকারী ব্যক্তির, তিনি চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হউন বা না হউন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র থাকে এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্টতার কারণে কারিগরি সেবার ফি প্রদানের বাধ্যবাধকতা সৃষ্টি হয় এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র উক্ত কারিগরি সেবার ফি বহন করে।

৬। এই অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রে কারিগরি সেবার ফি উদ্ভূত হইয়াছে বলিয়া গণ্য হইবে না, যদি কারিগরি সেবার ফি প্রদানকারী উক্ত রাষ্ট্রের নিবাসী হন এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন অথবা উক্ত অপর রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে স্বতন্ত্র ব্যক্তিগত সেবা প্রদান করেন এবং উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র উক্ত কারিগরি সেবার ফি বহন করে।

৭। যেক্ষেত্রে কারিগরি সেবার ফি প্রদানকারী এবং উহার সুবিধাভোগী মালিকের মধ্যে অথবা তাহাদের উভয়ের এবং অপর কোনো ব্যক্তির মধ্যে বিশেষ সম্পর্ক হেতু প্রদত্ত কারিগরি সেবার ফি এর পরিমাণ, এইরূপ সম্পর্কের অবর্তমানে উক্ত কারিগরি সেবার ফি প্রদানকারী ও সুবিধাভোগী মালিক যে পরিমাণ কারিগরি সেবার ফি প্রদানে সম্মত হইতেন তদপেক্ষা অধিক হয়, সেইক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধানাবলি কেবল শেষোক্ত পরিমাণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এইরূপ ক্ষেত্রে উক্ত প্রদত্ত অর্থাদির অতিরিক্ত অংশ চুক্তি সম্পাদনকারী প্রত্যেক রাষ্ট্রের স্ব স্ব আইনানুযায়ী, এই চুক্তির অন্যান্য বিধানের প্রতি যথাযথ লক্ষ্য রাখিয়া, করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৪
মূলধনী লাভ

১। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিত স্থাবর সম্পত্তি হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী লাভের উপর চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

Md Sajid Hossain Shimanto · Smart Accountant BD · smartaccountantbd.com

২। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের মালিকানাধীন চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠানের ব্যবসা সংশ্লিষ্ট সম্পত্তির অংশ-বিশেষ বলিয়া গণ্য এইরূপ কোনো অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে অথবা স্বতন্ত্র ব্যক্তিগত সেবা সম্পাদনের উদ্দেশ্যে চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীর মালিকানাধীন চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো নির্দিষ্ট কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট কোনো অস্থাবর সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে উদ্ভূত মূলধনী লাভ এবং এইরূপ স্থায়ী প্রতিষ্ঠান অথবা নির্দিষ্ট কেন্দ্র (এককভাবে বা সমগ্র উদ্যোগের সহিত একত্রে) হস্তান্তরের মাধ্যমে উদ্ভূত লাভের উপর উক্ত অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

৩। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক আন্তর্জাতিক পরিবহণে পরিচালিত জাহাজ বা বিমান বা এইরূপ জাহাজ বা বিমান পরিবহণের সহিত সংশ্লিষ্ট অস্থাবর সম্পত্তি হস্তান্তর হইতে উদ্ভূত মূলধনী লাভের উপর কেবল উক্ত রাষ্ট্রেই করারোপ করা যাইবে।

৪। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী কর্তৃক শেয়ার অথবা তুলনীয় স্বত্ব, যেমন কোম্পানি, পার্টনারশীপ অথবা ট্রাস্টের এর স্বত্ব হস্তান্তর হইতে উদ্ভূত মূলধনী লাভ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে যদি হস্তান্তরের পূর্ববর্তী ৩৬৫ (তিনশত পঁয়ষট্টি) দিনের যেকোনো সময় উক্ত শেয়ার অথবা তুলনীয় স্বত্বের মূল্যের ৫০% (পঞ্চাশ শতাংশ) এর অধিক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত অনুচ্ছেদ ৬ অনুযায়ী সংজ্ঞায়িত কোনো স্থাবর সম্পত্তি হইতে উদ্ভূত হয়।

৫। দফা ১, ২, ৩ ও ৪ এ বর্ণিত সম্পত্তি ব্যতীত, অন্য কোনো সম্পত্তি হস্তান্তরের মাধ্যমে উদ্ভূত মূলধনী লাভের উপর, সম্পত্তি হস্তান্তরকারী চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রের নিবাসী কেবল সেই রাষ্ট্রেই করারোপ করা যাইবে।

অনুচ্ছেদ ১৫
স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক কোনো স্বতন্ত্র ব্যক্তিগত কার্য অথবা স্বতন্ত্র প্রকৃতির অন্যবিধ কার্য বাবদ উদ্ভূত আয় কেবল চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, তবে নিম্নরূপ ক্ষেত্রে অনুরূপ আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করযোগ্য হইতে পারে—

(ক) যদি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে উক্ত ব্যক্তির কার্যসম্পাদনের উদ্দেশ্যে তাহার নিয়মিত ব্যবহার্য কোনো নির্দিষ্ট কেন্দ্র থাকে, তাহা হইলে আয়ের যে অংশ উক্ত কেন্দ্রের সহিত সম্পর্কযুক্ত কেবল সেই পরিমাণ আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে; অথবা

(খ) যদি তিনি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থবৎসর আরম্ভ বা সমাপ্ত হয় এইরূপ ১২ (বারো) মাস সময় ব্যাপ্তিতে এককালীন বা সমষ্টিগতভাবে ১৮৩ (একশত তিরাশি) দিন বা ততোধিক সময় অবস্থান করেন; সেইক্ষেত্রে আয়ের যে অংশ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে পরিচালিত কার্যক্রম হইতে উদ্ভূত কেবল সেই পরিমাণ আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২। "স্বতন্ত্র ব্যক্তিগত কার্যাদি" অর্থ বিশেষত বিজ্ঞান, সাহিত্য, শিল্প, শিক্ষা বিষয়ক অথবা স্বতন্ত্র প্রকৃতির অন্যবিধ কার্যাদি যাহার মধ্যে চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী, স্থপতি, দন্তচিকিৎসক ও হিসাবরক্ষকের কার্যাদি অন্তর্ভুক্ত, তবে, অনুচ্ছেদ ১৩ এ বর্ণিত কারিগরি সেরা এর অন্তর্ভুক্ত হইবে না।

অনুচ্ছেদ ১৬
নির্ভরশীল ব্যক্তিগত কার্যাদি

১। এই চুক্তির অনুচ্ছেদ ১৭, ১৯, ২০ এবং ২১ এর বিধানাবলি সাপেক্ষে, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চাকরি বাবদ প্রাপ্ত বেতন, মজুরি ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি উক্ত কার্য চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত না হইয়া থাকে। যদি উক্ত কার্য চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত হয়, তাহা হইলে উহা হইতে উদ্ভূত পারিশ্রমিকের উপর উক্ত অপর রাষ্ট্রে করারোপ করা যাইবে।

২। দফা ১ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কোনো চাকরি বাবদ প্রাপ্ত পারিশ্রমিক কেবল প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে, যদি—

(ক) প্রাপক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সংশ্লিষ্ট অর্থবৎসর আরম্ভ বা সমাপ্ত হয় এইরূপ ১২ (বারো) মাস সময় ব্যাপ্তিতে এককালীন বা সমষ্টিগতভাবে অনধিক ১৮৩ (একশত তিরাশি) দিন অবস্থান করেন; এবং

(খ) উক্ত অপর রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ কোনো নিয়োগকর্তা কর্তৃক অথবা তাহার পক্ষে উক্ত পারিশ্রমিক প্রদান করা হয়; এবং

(গ) নিয়োগকর্তার মালিকানাধীন চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্র কর্তৃক পারিশ্রমিক বহন করা না হয়।

৩। এই অনুচ্ছেদের পূর্ববর্তী বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক আন্তর্জাতিক পরিবহণ ব্যবস্থায় পরিচালিত কোনো জাহাজ বা বিমানের, কেবল চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের অভ্যন্তরে পরিচালিত জাহাজ বা বিমানের ব্যতীত, নিয়মিত কর্মী হিসাবে চাকরি হইতে উদ্ভূত পারিশ্রমিক কেবল চুক্তি-সম্পাদনকারী প্রথমোক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

অনুচ্ছেদ ১৭
পরিচালকগণের ফি

চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো নিবাসী কর্তৃক তাহার যোগ্যতায় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী কোনো কোম্পানির পরিচালকমণ্ডলীর অথবা অনুরূপ অন্য কোনো সঙ্ঘের সদস্য পদে আসীন হইতে উদ্ভূত পরিচালকের ফি বা অনুরূপ অন্য কোনো প্রাপ্তি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপযোগ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ১৮
শিল্পী ও ক্রীড়াবিদ

১। অনুচ্ছেদ ১৫ ও ১৬ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী কর্তৃক থিয়েটার, চলচ্চিত্র, বেতার বা টেলিভিশন শিল্পী বা সংগীতজ্ঞের ন্যায় চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ হিসাবে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত ব্যক্তিগত কার্যাদি সম্পাদনের মাধ্যমে অর্জিত আয় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করারোপযোগ্য হইবে।

২। যেক্ষেত্রে কোনো চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদ কর্তৃক ব্যক্তিগত কার্যাদি সম্পাদনের বিনিময় হিসাবে লব্ধ আয় তাহার নিজের নিকট উপচিত না হইয়া অন্য কোনো ব্যক্তির নিকট উপচিত হয়, সেইক্ষেত্রে অনুচ্ছেদ ১৫ ও ১৬ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী যে রাষ্ট্রে চিত্তবিনোদনকারী অথবা ক্রীড়াবিদের অনুরূপ কার্যাদি সম্পাদিত হয় উক্ত আয় সেই রাষ্ট্রে করারোপযোগ্য হইবে।

৩। দফা ১ ও ২ এর বিধানাবলি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী কোনো চিত্তবিনোদনকারী ও ক্রীড়াবিদ কর্তৃক রাষ্ট্র কর্তৃক স্পন্সরকৃত চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের মধ্যে সম্পাদিত সাংস্কৃতিক চুক্তির কাঠামোর আওতায় চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে সম্পাদিত কার্যাদির মাধ্যমে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

অনুচ্ছেদ ১৯
পেনশন

১। অনুচ্ছেদ ২০ এর দফা ২ এর বিধানাবলি সাপেক্ষে, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসীকে অতীত চাকরির বিবেচনায় প্রদত্ত পেনশন ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক কেবল চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। তবে, এইরূপ পেনশন এবং অনুরূপ অন্যান্য পারিশ্রমিক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করারোপ করা যাইবে যদি উহা চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসী অথবা অপর রাষ্ট্রে অবস্থিত স্থায়ী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হয়।

৩। দফা ১ ও ২ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, সরকারি কার্যব্যবস্থার আওতায় প্রদেয় পেনশন এবং অন্যান্য প্রদত্ত অর্থাদি যাহা চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র বা তাহার স্থানীয় কর্তৃপক্ষের সামাজিক নিরাপত্তা ব্যবস্থার অংশ উহা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

৪। এই অনুচ্ছেদে ব্যবহৃত পেনশন ও অনুরূপ অন্যান্য পারিশ্রমিক অর্থ অতীত চাকরি বিবেচনায় অবসর পরবর্তী অথবা অতীত চাকরির সংযোগে আঘাতজনিত ক্ষতিপূরণবাবদ নির্দিষ্ট সময় অন্তর অন্তর প্রদেয় অর্থাদি।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ২০
সরকারি চাকরি

১। (ক) চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র বা উক্ত রাষ্ট্রের স্থানীয় কর্তৃপক্ষ উক্ত রাষ্ট্র বা কর্তৃপক্ষকে সেবা প্রদানের বিনিময়ে কোনো ব্যক্তিকে, পেনশন ব্যতীত, বেতন, মজুরি এবং অনুরূপ অন্যান্য পারিশ্রমিক প্রদান করিলে উহা কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

(খ) তবে, এইরূপ বেতন, মজুরি এবং অনুরূপ অন্যান্য পারিশ্রমিক কেবল চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে করযোগ্য হইবে যদি চাকরি উক্ত অপর রাষ্ট্রে সম্পাদিত হয় এবং ব্যক্তি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী হন যিনি—

(অ) উক্ত রাষ্ট্রের নাগরিক; অথবা

(আ) কেবল চাকরি করিবার উদ্দেশ্যেই উক্ত রাষ্ট্রের নিবাসী হন নাই।

২। (ক) দফা ১ এর বিধানাবলিতে যাহাই কিছু থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র অথবা উহার স্থানীয় কর্তৃপক্ষে চাকরির কারণে উক্ত রাষ্ট্র বা কর্তৃপক্ষ কর্তৃক অথবা উহার দ্বারা সৃষ্ট কোনো তহবিল হইতে প্রদত্ত পেনশন এবং অনুরূপ পারিশ্রমিক কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে;

(খ) তবে, এইরূপ পেনশন এবং অনুরূপ পারিশ্রমিক কেবল চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রেই করযোগ্য হইবে, তবে শর্ত থাকে যে, উক্ত ব্যক্তি উক্ত অপর রাষ্ট্রের নিবাসী এবং নাগরিক।

৩। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্র বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট কোনো সেবা প্রদানের জন্য প্রদত্ত বেতন, মজুরি, পেনশন এবং অনুরূপ পারিশ্রমিকের ক্ষেত্রে এই চুক্তির অনুচ্ছেদ ১৬, ১৭, ১৮ এবং ১৯ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

অনুচ্ছেদ ২১
ছাত্র, শিক্ষক এবং গবেষক

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিতপূর্বে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী ছিলেন বা বর্তমানে রহিয়াছেন এইরূপ কোনো ছাত্র বা ব্যবসায়িক শিক্ষানবিশ যিনি চুক্তি-সম্পাদনকারী প্রথমোক্ত রাষ্ট্রে কেবল তাহার শিক্ষা বা প্রশিক্ষণের জন্য উপস্থিত রহিয়াছেন, তিনি তাহার ভরণপোষণ, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য কোনো অর্থ প্রাপ্ত হইলে সেই অর্থের উপর প্রথমোক্ত রাষ্ট্রে কর আরোপ করা যাইবে না, তবে শর্ত থাকে যে, এইরূপ প্রাপ্ত অর্থ উক্ত রাষ্ট্রের বহির্ভূত কোনো উৎস হইতে উদ্ভূত হইতে হইবে।

২। অনুরূপভাবে, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রে ভ্রমণের অব্যবহিতপূর্বে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নিবাসী ছিলেন বা বর্তমানে রহিয়াছেন এইরূপ কোনো শিক্ষক বা প্রশিক্ষক যিনি চুক্তি-সম্পাদনকারী প্রথমোক্ত রাষ্ট্রে কেবল শিক্ষাদান অথবা বৈজ্ঞানিক গবেষণাকার্যে ব্যাপৃত হইবার উদ্দেশ্যে অনধিক ২ (দুই) বৎসর সময়কাল ধরিয়া উপস্থিত রহিয়াছেন, তিনি পারিশ্রমিকবাবদ কোনো অর্থ প্রাপ্ত হইলে উক্ত পারিশ্রমিক প্রথমোক্ত রাষ্ট্রে কর হইতে অব্যাহতি পাইবে, তবে শর্ত থাকে যে, এইরূপ প্রাপ্ত অর্থ উক্ত অপর রাষ্ট্রের বহির্ভূত কোনো উৎস হইতে উদ্ভূত হইতে হইবে।

ব্যক্তি এবং ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের জন্য ব্যবসায়িক উদ্দেশ্যে পরিচালিত গবেষণা হইতে উদ্ভূত পারিশ্রমিক এবং আয়ের ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ২২
অন্যান্য আয়

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো নিবাসীর এইরূপ কোনো আয় যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই, উহা যেখানেই উদ্ভূত হউক না কেন, কেবল উক্ত রাষ্ট্রেই করযোগ্য হইবে।

২। দফা ১ এর বিধানসমূহ এইরূপ আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, অনুচ্ছেদ ৬ এর দফা ২ এ সংজ্ঞায়িত স্থাবর সম্পত্তি হইতে আয় ব্যতীত, যদি সেই আয়ের প্রাপক চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নিবাসী হইয়া চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত কোনো স্থায়ী প্রতিষ্ঠান অথবা নির্দিষ্ট কেন্দ্রের মাধ্যমে ব্যবসা পরিচালনা করেন এবং যে অধিকার বা সম্পদের জন্য আয় প্রদত্ত হয় উহা উক্ত স্থায়ী প্রতিষ্ঠান বা নির্দিষ্ট কেন্দ্রের সহিত কার্যকরভাবে সম্পর্কযুক্ত হয়। এইরূপ ক্ষেত্রে অনুচ্ছেদ ৭ অথবা, ক্ষেত্রমত, অনুচ্ছেদ ১৫ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৩। দফা ১ ও ২ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো নিবাসীর এইরূপ কোনো আয় যাহা এই চুক্তির পূর্ববর্তী অনুচ্ছেদসমূহে উল্লেখ করা হয় নাই এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে উদ্ভূত হইয়াছে উহার ওপর উক্ত অপর রাষ্ট্রেও করারোপ করা যাইবে, তবে ধার্যকৃত কর ৫০% (পঞ্চাশ শতাংশ) এর অধিক হইবে না।

অনুচ্ছেদ ২৩
দ্বৈত করারোপণ পরিহার পদ্ধতি

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো নিবাসী যখন এইরূপ আয় অর্জন করেন যাহা এই চুক্তির বিধানাবলি অনুযায়ী চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রেও করারোপযোগ্য, সেইক্ষেত্রে প্রথমোক্ত রাষ্ট্র উক্ত নিবাসীকে অপর রাষ্ট্রে পরিশোধিত আয়করের সমপরিমাণ অঙ্ক তাহার আয়ের উপর আরোপিত কর হইতে বিয়োজন করিবে। তবে, এইরূপ বিয়োজন কোনো ক্ষেত্রেই বিয়োজন প্রদানের পূর্বে পরিগণনাকৃত অপর রাষ্ট্রে করযোগ্য আয়ের উপর আরোপযোগ্য আয়করের অংশের অধিক হইবে না।

২। যেক্ষেত্রে এই চুক্তির কোনো বিধান অনুযায়ী চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের কোনো নিবাসী কর্তৃক অর্জিত আয় উক্ত রাষ্ট্রে কর অব্যাহতি প্রাপ্ত হয়, সেইক্ষেত্রে উক্ত রাষ্ট্র উক্ত নিবাসীর অবশিষ্ট আয়ের উপর কর পরিগণনার ক্ষেত্রে কর অব্যাহতিপ্রাপ্ত আয়কে বিবেচনায় লইতে পারিবে।

অনুচ্ছেদ ২৪
বৈষম্যহীনতা

১। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের নাগরিকগণ যেরূপ পরিস্থিতিতে, বিশেষত আবাসস্থলের কারণে, কোনো কর তৎসংশ্লিষ্ট প্রয়োজনের অধীন হইয়া থাকেন বা হইতে পারেন, সেইরূপ পরিস্থিতিতে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের নাগরিকগণ প্রথমোক্ত রাষ্ট্রে উহা অপেক্ষা ভিন্নতর অথবা অধিকতর দুর্বহ কোনো কর বা তৎসংশ্লিষ্ট কোনো প্রয়োজনের অধীন হইবেন না। অনুচ্ছেদ ১ এর বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধান চুক্তি-সম্পাদনকারী এক বা উভয় রাষ্ট্রের নিবাসী নহেন এইরূপ ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২। রাষ্ট্রবিহীন ব্যক্তি যিনি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসী তিনি চুক্তি-সম্পাদনকারী যেকোনো রাষ্ট্রে এইরূপ কোনো কর বা তৎসংশ্লিষ্ট প্রয়োজনের অধীন হইবেন না যাহা সংশ্লিষ্ট রাষ্ট্রের নাগরিকগণ একই পরিস্থিতিতে, বিশেষত আবাসস্থলের কারণে, যেইরূপ কর বা তৎসংশ্লিষ্ট প্রয়োজনের অধীন হইয়া থাকেন বা হইতে পারেন, উহা অপেক্ষা ভিন্নতর অথবা অধিকতর দুর্বহ।

৩। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের কোনো স্থায়ী প্রতিষ্ঠান চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে অবস্থিত থাকিয়া চুক্তি-সম্পাদনকারী উক্ত অপর রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের ন্যায় একই ধরনের কার্যাবলি পরিচালনা করিলে উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের উপর ধার্যযোগ্য কর উক্ত অপর রাষ্ট্রের ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের উপর আরোপিত করের ন্যায় সমদৃষ্টিভঙ্গি সহকারে আরোপ করা হইবে। এই বিধান চুক্তি-সম্পাদনকারী একটি রাষ্ট্র উহার নিজস্ব অধিবাসীকে বেসামরিক মর্যাদা বা পারিবারিক দায়িত্বের কারণে করারোপণের উদ্দেশ্যে যে ব্যক্তিগত ভাতা, সাহায্য এবং হ্রাস মঞ্জুর করিয়া থাকে উহা চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের অধিবাসীকে প্রদানের জন্য উক্ত রাষ্ট্রকে বাধ্য করিতেছে মর্মে গণ্য হইবে না।

৪। যেক্ষেত্রে অনুচ্ছেদ ৯ এর দফা ১, অনুচ্ছেদ ১১ এর দফা ৭, অনুচ্ছেদ ১২ এর দফা ৬, অথবা অনুচ্ছেদ ১৩ এর দফা ৭ এর বিধানাবলি প্রযোজ্য সেইক্ষেত্র ব্যতীত, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের কোনো ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের কোনো নিবাসীকে প্রদত্ত সুদ, রয়্যালটি, কারিগরি সেবার ফি ও অন্যান্য প্রাপ্য অর্থাদি উক্ত ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের করযোগ্য মুনাফা নির্ধারণ করিবার উদ্দেশ্যে প্রথমোক্ত রাষ্ট্রের কোনো নিবাসীকে একই অবস্থার প্রেক্ষিতে উহা প্রদত্ত হইলে যেভাবে বিয়োজন করা হইত সেইভাবেই বিয়োজন করা হইবে।

৫। চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্রের যেসকল ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠানের সমুদয় পুঁজি বা পুঁজির অংশবিশেষ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের এক বা একাধিক নিবাসীর প্রত্যক্ষ বা পরোক্ষ মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন, প্রথমোক্ত রাষ্ট্রের অনুরূপ অন্যান্য ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান যে ধরনের করারোপণ ও তৎসংশ্লিষ্ট প্রয়োজনের অধীন হয় বা হইতে পারে, প্রথমোক্ত রাষ্ট্রে সেইসকল ব্যবসায়-বাণিজ্য প্রতিষ্ঠান উহা অপেক্ষা ভিন্নতর অথবা অধিকতর দুর্বহ কোনো করারোপণ ও তৎসংশ্লিষ্ট আবশ্যকতার অধীন হইবে না।

অনুচ্ছেদ ২৫
পারস্পরিক ঐকমত্যের কার্যপদ্ধতি

১। যেক্ষেত্রে কোনো ব্যক্তি মনে করেন যে, চুক্তি-সম্পাদনকারী এক বা উভয় রাষ্ট্রের গৃহীত ব্যবস্থার ফলে তাহার উপর এই চুক্তির বিধানাবলির পরিপন্থি করারোপ করা হইয়াছে অথবা হইবে, সেইক্ষেত্রে চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের অভ্যন্তরীণ আইনের মাধ্যমে প্রতিকার সত্ত্বেও তিনি চুক্তি-সম্পাদনকারী যেকোনো রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার বিষয়টি পেশ করিতে পারিবেন। বিষয়টি এই চুক্তির বিধান অনুযায়ী করা হয় নাই এইরূপ করারোপণ সম্পর্কিত কার্যক্রম প্রথম প্রজ্ঞাপিত হইবার ৩ (তিন) বৎসরের মধ্যে অবশ্যই পেশ করিতে হইবে।

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

২। যদি উক্তরূপ আপত্তি উপযুক্ত কর্তৃপক্ষের নিকট ন্যায়সঙ্গত বলিয়া প্রতীয়মান হয় এবং যদি উক্ত কর্তৃপক্ষ স্বয়ং উহার সুষ্ঠু সমাধানে উপনীত হইতে অপারগ হন, তাহা হইলে চুক্তির ব্যত্যয়ে আরোপিত কর পরিহারের উদ্দেশ্যে উক্ত উপযুক্ত কর্তৃপক্ষ চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের সহিত পারস্পরিক সমঝোতার মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করিবার প্রচেষ্টা গ্রহণ করিবেন। চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের অভ্যন্তরীণ আইনে কোনো সময়সীমা নির্দিষ্ট থাকিলেও দফা ১ এর মর্মানুযায়ী প্রজ্ঞাপিত হইবার ৬ (ছয়) বৎসর সময়সীমার মধ্যে উপনীত হইয়াছে এইরূপ কোনো সমঝোতা বাস্তবায়নে চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের অভ্যন্তরীণ আইনে কোনো সময়সীমা কোনো বাধা হইবে না।

৩। এই চুক্তির ব্যাখ্যা অথবা প্রয়োগ সম্পর্কে কোনো জটিলতা বা সংশয় সৃষ্টি হইলে চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ পারস্পরিক সমঝোতার ভিত্তিতে উহা নিরসনের জন্য প্রচেষ্টা করিবেন। এই চুক্তিতে বিধান করা হয় নাই এইরূপ কোনো ক্ষেত্রে দ্বৈতকর পরিহারের উদ্দেশ্যে তাহারা পরস্পর আলোচনাও করিতে পারিবেন।

৪। চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ পূর্ববর্তী দফাসমূহের আলোকে সমঝোতায় উপনীত হইবার উদ্দেশ্যে পরস্পরের সহিত সরাসরি এবং উভয় রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ বা উহাদের প্রতিনিধিগণের সমন্বয়ে গঠিত যৌথ কমিশনের মাধ্যমে যোগাযোগ করিতে পারিবেন।

অনুচ্ছেদ ২৬
তথ্য বিনিময়

১। চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রসমূহের উপযুক্ত কর্তৃপক্ষ এই চুক্তির বিধানাবলি কার্যকর করিবার জন্য অথবা চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র বা স্থানীয় কর্তৃপক্ষের পক্ষে আরোপযোগ্য সকল প্রকার ও বর্ণনার কর সংক্রান্ত অভ্যন্তরীণ আইনের পরিচালনা ও কার্যকরকরণের প্রয়োজনে, যতটুকু এই চুক্তির সহিত সাংঘর্ষিক নহে ততটুকু, পরস্পর তথ্য বিনিময় করিবে। এইরূপ তথ্য বিনিময় অনুচ্ছেদ ১ এবং ২ দ্বারা ব্যাহত হইবে না।

২। এই অনুচ্ছেদের দফা ১-এর অধীন চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক প্রাপ্ত তথ্য উক্ত রাষ্ট্রের নিজস্ব আইন দ্বারা সংগৃহীত তথ্য যেরূপ গোপনীয় বলিয়া বিবেচিত হয় সেইরূপ গোপনীয় বলিয়া বিবেচিত হইবে এবং কেবল দফা ১ এ উল্লিখিত করসমূহের নির্ধারণ অথবা আদায়, প্রয়োগ অথবা বিচার, আপিল নির্ধারণের সহিত সম্পর্কিত তত্ত্বাবধায়ক ব্যক্তি বা কর্তৃপক্ষের (আদালত এবং প্রশাসনিক কর্তৃপক্ষসহ) নিকট প্রকাশ করা যাইবে। এইরূপ ব্যক্তি বা কর্তৃপক্ষ এইরূপ তথ্য কেবল উক্ত উদ্দেশ্যেই ব্যবহার করিবেন। তাহারা এইরূপ তথ্য রাষ্ট্রীয় আদালতের কার্যক্রম বা বিচারিক সিদ্ধান্তে প্রকাশ করিতে পারিবেন। উপরে যাহাই উল্লেখ থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক প্রাপ্ত তথ্য উভয় রাষ্ট্রের আইনের অধীন এবং সরবরাহকারী রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্যবিধ উদ্দেশ্যেও ব্যবহার করা যাইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। দফা ১ ও ২ এর বিধানাবলি কোনো অবস্থাতেই চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের উপর নিম্নরূপ কোনো বাধ্যবাধকতা আরোপ করিতেছে মর্মে গণ্য করা যাইবে না:

(ক) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বা অপর রাষ্ট্রের আইনের অথবা প্রশাসনিক রীতির পরিপন্থি কোনো প্রশাসনিক ব্যবস্থা কার্যকরকরণ;

(খ) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বা অপর রাষ্ট্রের আইনের অধীন অথবা স্বাভাবিক প্রশাসনিক পদ্ধতির মাধ্যমে প্রাপ্তি সম্ভবপর নহে এইরূপ তথ্য সরবরাহ করা;

(গ) কোনো কারবার, ব্যবসা, শিল্প, বাণিজ্য সংক্রান্ত অথবা পেশাগত গোপনীয়তা অথবা ব্যবসার পদ্ধতি বা তথ্য ফাঁস হইয়া যায় এইরূপ কোনো তথ্য সরবরাহ করা যাহার প্রকাশ সরকারি নীতির পরিপন্থি।

৪। এই অনুচ্ছেদ অনুযায়ী চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক কোনো তথ্যের জন্য অনুরোধ করা হইলে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র, নিজস্ব করারোপণের উদ্দেশ্যে উক্ত তথ্যের প্রয়োজন না হইলেও, উহার তথ্য সংগ্রহের নিজস্ব পদ্ধতি ব্যবহারপূর্বক অনুরোধকৃত তথ্য সংগ্রহের জন্য পদক্ষেপ গ্রহণ করিবে। পূর্ববর্তী বাক্যে উল্লিখিত বাধ্যবাধকতা দফা ৩ এর সীমাবদ্ধতা অনুযায়ী প্রতিপালিত হইবে, তবে উক্ত সীমাবদ্ধতা চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রকে এইরূপ তথ্যে অভ্যন্তরীণ স্বার্থ নাই, কেবল এই কারণে কোনো পরিস্থিতিতেই উক্ত তথ্য সরবরাহে অপারগতা জ্ঞাপনে অনুমতি প্রদান করিবে না।

৫। কোনো অবস্থাতেই দফা ৩ এর বিধানাবলি চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রকে তথ্য ব্যাংক, অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, কোনো এজেন্সিতে কর্মরত বা আস্থার সম্পর্কে আবদ্ধ এইরূপ কোনো নমিনি বা ব্যক্তি কর্তৃক ধারণকৃত অথবা কোনো ব্যক্তির সহিত মালিকানা-স্বার্থ সংশ্লিষ্ট, কেবল এই কারণে উক্ত তথ্য সরবরাহে অপারগতা জ্ঞাপনে অনুমতি প্রদান করে এই মর্মে ব্যাখ্যা করা যাইবে না।

অনুচ্ছেদ ২৭
কর আদায়ে সহযোগিতা

১। চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রদ্বয় রাজস্ব দাবি আদায়ে পরস্পরকে সহায়তা প্রদান করিতে পারিবে। এই সহায়তা অনুচ্ছেদ ১ ও অনুচ্ছেদ ২ দ্বারা বাধাগ্রস্থ হইবে না। চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রদ্বয়ের উপযুক্ত কর্তৃপক্ষ পারস্পরিক সমঝোতার মাধ্যমে এই অনুচ্ছেদের প্রায়োগিক কৌশল নির্ধারণ করিবে।

২। এই অনুচ্ছেদে ব্যবহৃত "রাজস্ব দাবি" বলিতে বুঝাইবে চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রদ্বয় বা তাহাদের স্থানীয় কর্তৃপক্ষের পক্ষে আরোপিত সকল প্রকার ও বর্ণনার কর এবং উক্ত পরিমাণের সহিত সম্পর্কিত সুদ, প্রশাসনিক জরিমানা ও আদায় অথবা সংরক্ষণ খরচ, যতক্ষণ না এইরূপ কর এই চুক্তি বা অন্য কোনো দলিল যাহার সহিত চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রদ্বয় জড়িত তাহার পরিপন্থি না হয়।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

৩। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের রাজস্ব দাবি যদি উক্ত রাষ্ট্রের আইন দ্বারা আদায়যোগ্য হয় যাহা সংশ্লিষ্ট খেলাপী ব্যক্তি এইরূপ সময়ে উক্ত রাষ্ট্রের আইন দ্বারা আদায় কার্যক্রম বাধাগ্রস্ত করিতে পারে না, উক্ত রাজস্ব দাবি উক্ত রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক আদায়ের জন্য গৃহীত হইবে। উক্ত রাজস্ব দাবি অপর রাষ্ট্র নিজস্ব আইনের বিধান অনুযায়ী এইরূপে আদায় করিবে যেন উক্ত রাজস্ব দাবি অপর রাষ্ট্রের নিজস্ব দাবি।

৪। যদি চুক্তি সম্পাদনকারী এক রাষ্ট্র ইহার নিজস্ব আইন অনুযায়ী কোনো রাজস্ব দাবির উপর সংরক্ষণমূলক কার্যক্রম প্রয়োগ করিতে পারে তাহা হইলে এই রাজস্ব দাবি উক্ত রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধে অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণমূলক কার্যক্রম গ্রহণের জন্য গৃহীত হইবে। চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র নিজস্ব আইনের অধীন উক্ত রাজস্ব দাবির উপর সংরক্ষণমূলক কার্যক্রম গ্রহণ করিবে যেন এই রাজস্ব দাবি উক্ত অপর রাষ্ট্রের নিজস্ব দাবি। প্রথমোক্ত চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্রের হাতে রাজস্ব দাবি আদায়যোগ্য না হইলেও বা খেলাপি ব্যক্তি কর্তৃক আদায় কার্যক্রম প্রতিহত করার অধিকার থাকিলেও অপর রাষ্ট্র কর্তৃক সংরক্ষণমূলক কার্যক্রম প্রয়োগ করা হইলে, উক্ত রাজস্ব দাবি অপর রাষ্ট্রের রাজস্ব দাবি হিসাবে বিবেচিত হইবে।

৫। দফা ৩ ও দফা ৪ এর বিধানাবলিতে যাহাই কিছুই থাকুক না কেন, চুক্তি-সম্পাদনকারী এক রাষ্ট্র কর্তৃক দফা ৩ ও দফা ৪ এর উদ্দেশ্য পূরণকল্পে গৃহীত কোনো রাজস্ব দাবি উহার বৈশিষ্ট্যের কারণে উক্ত রাষ্ট্রের আইন অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার অধীন হইবে না বা কোনো অগ্রাধিকার পাইবে না। উপরন্তু, চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্র কর্তৃক দফা ৩ ও দফা ৪ এর উদ্দেশ্যে উক্ত রাষ্ট্রে গৃহীত রাজস্ব দাবি চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের আইন অধীন কোনো অগ্রাধিকার প্রাপ্ত হইবে না।

৬। চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের রাজস্ব দাবির অস্তিত্ব, বৈধতা বা পরিমাণ সম্পর্কে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের আদালত বা প্রশাসনিক সংস্থার নিকট কোনো কার্যধারা রুজু করা যাইবে না।

৭। যেক্ষেত্রে দফা ৩ বা দফা ৪ এর অধীন চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক কোনো রাজস্ব দাবি আদায়ের অনুরোধ করিবার পর যেকোনো সময় এবং চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র কর্তৃক উক্ত রাজস্ব দাবি আদায় ও প্রেরণের পূর্বে রাজস্ব দাবি নিম্নরূপ রাজস্ব দাবি হিসাবে বিদ্যমান না থাকে—

(ক) দফা ৩ এর অধীন অনুরোধের ক্ষেত্রে, প্রথমোক্ত রাষ্ট্রের এইরূপ রাজস্ব দাবি যাহা উক্ত রাষ্ট্রের আইনে আদায়যোগ্য এবং খেলাপি ব্যক্তি যিনি উক্ত সময়ে উক্ত রাষ্ট্রের আইন অনুযায়ী আদায় কার্যক্রম প্রতিহত করিতে পারেন না; অথবা

(খ) দফা ৪ এর অধীন অনুরোধের ক্ষেত্রে, প্রথমোক্ত রাষ্ট্রের এইরূপ রাজস্ব দাবি যাহার উপর উক্ত রাষ্ট্র ইহার নিজস্ব আইন দ্বারা আদায় নিশ্চিত করিবার লক্ষ্যে সংরক্ষণ কার্যক্রম গ্রহণ করিতে পারে,

তাহা হইলে প্রথমোক্ত রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ দ্রুততার সাথে বিষয়টি অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবে এবং অপর রাষ্ট্রের ইচ্ছানুযায়ী প্রথমোক্ত রাষ্ট্র উহার অনুরোধ স্থগিত রাখিবে অথবা প্রত্যাহার করিবে।

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

৮। এই অনুচ্ছেদের বিধানাবলি কোনো অবস্থাতেই চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের উপর নিম্নরূপ কোনো বাধ্যবাধকতা আরোপ করিতেছে মর্মে গণ্য করা যাইবে না—

(ক) চুক্তি-সম্পাদনকারী উক্ত রাষ্ট্রের বা অপর রাষ্ট্রের আইনের অথবা প্রশাসনিক রীতির পরিপন্থি কোনো প্রশাসনিক ব্যবস্থা কার্যকরকরণ;

(খ) সরকারি নীতির পরিপন্থি কোনো কার্যব্যবস্থা কার্যকরকরণ;

(গ) চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র উহার নিজস্ব আইন বা প্রশাসনিক ব্যবস্থার অধীন আদায় বা, ক্ষেত্রমত, সংরক্ষণ কার্যক্রমের জন্য বিদ্যমান সকল যুক্তিসঙ্গত ব্যবস্থা গ্রহণ না করিয়া থাকে এইরূপ ক্ষেত্রে সহায়তা প্রদান;

(ঘ) যেক্ষেত্রে উক্ত রাষ্ট্রের প্রশাসনিক দায়ভার সুস্পষ্টভাবে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্র কর্তৃক প্রাপ্ত সুবিধার সহিত সুস্পষ্টভাবে অসঙ্গতিপূর্ণ হয় সেইসব ক্ষেত্রে সহায়তা প্রদান।

অনুচ্ছেদ ২৮
কূটনৈতিক মিশন ও কনস্যুলার পোস্টের সদস্যগণ

এই চুক্তির কোনো কিছুই আন্তর্জাতিক আইনের সাধারণ নিয়মাবলি অথবা বিশেষ চুক্তির বিধানাবলির আওতায় কূটনৈতিক মিশন বা কনস্যুলার পোস্টের সদস্যগণকে প্রদত্ত আর্থিক সুযোগ-সুবিধাকে ব্যাহত করিবে না।

অনুচ্ছেদ ২৯
সুবিধার স্বত্বাধিকার

১। এই চুক্তির অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, কোনো ধরনের আয়ের জন্য এই চুক্তির অধীন কোনো সুবিধা প্রদেয় হইবে না, যদি সকল প্রাসঙ্গিক তথ্য ও পরিস্থিতি বিবেচনায় যুক্তিসঙ্গতভাবে প্রতীয়মান হয় যে, যে ব্যবস্থা অথবা লেনদেনের কারণে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে উক্ত সুবিধার উদ্ভব, উক্ত সুবিধাপ্রাপ্তি কোনো ব্যবস্থা অথবা লেনদেনের মুখ্য উদ্দেশ্য অথবা অন্যতম মুখ্য উদ্দেশ্য ছিল। তবে, যদি ইহা প্রতিষ্ঠিত করা যায় যে, এই চুক্তির প্রাসঙ্গিক বিধানাবলির উদ্দেশ্য ও লক্ষ্য অনুযায়ী সেই পরিস্থিতিতে উক্ত সুবিধা প্রদান যুক্তিসঙ্গত, তাহা হইলে সেই সুবিধা মঞ্জুর করা যাইবে।

২। দফা ১ এর বিধানাবলির কারণে চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্রের নিবাসীকে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রে এই চুক্তির কোনো সুবিধা প্রদানে অস্বীকার করা হইলে চুক্তি-সম্পাদনকারী অপর রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষ চুক্তি-সম্পাদনকারী প্রথমোক্ত রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

অনুচ্ছেদ ৩০
বলবৎকরণ

১। চুক্তি-সম্পাদনকারী উভয় রাষ্ট্র চুক্তি বলবৎ করিবার জন্য আবশ্যক স্ব স্ব রাষ্ট্রের অভ্যন্তরীণ আইন অনুযায়ী প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন হইবার বিষয়টি কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে লিখিতভাবে পরস্পরকে অবহিত করিবে। এইরূপ অবহিতকরণের সর্বশেষ নোটিশ প্রাপ্তির তারিখ হইতে চুক্তিটি বলবৎ হইবে।

২। এই চুক্তির বিধানাবলি কার্যকর হইবে,—

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে:

(অ) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, পরিশোধ ও জমার জন্য, এই চুক্তি বলবৎ হইবার অব্যবহিত পরবর্তী জুলাই মাসের প্রথম অথবা তৎপরবর্তী দিবসে; এবং

(আ) আয়ের উপর আরোপিত অন্যান্য করের ক্ষেত্রে, এই চুক্তি বলবৎ হইবার অব্যবহিত পরবর্তী জুলাই মাসের প্রথম অথবা তৎপরবর্তী দিবসে আরম্ভ হওয়া আয় বৎসরে;

(খ) ইসলামি প্রজাতন্ত্রী ইরানে:

(অ) উৎসে কর্তিত আয়করের ক্ষেত্রে, পরিশোধ ও জমার জন্য, এই চুক্তি বলবৎ হইবার বৎসরের পরবর্তী পঞ্জিকা বৎসরে ফারভাদিন (সৌর হিজরি পঞ্জিকা) মাসের প্রথম দিবস মোতাবেক মার্চ মাসের ২০তম অথবা ২১তম দিবস অথবা তৎপরবর্তী দিবসে; এবং

(আ) আয়ের উপর আরোপিত অন্যান্য করের ক্ষেত্রে, এই চুক্তি বলবৎ হইবার অব্যবহিত বৎসরের পরবর্তী পঞ্জিকা বৎসরে ফারভাদিন (সৌর হিজরি পঞ্জিকা) মাসের প্রথম দিবস মোতাবেক মার্চ মাসের ২০তম বা ২১তম দিবস অথবা তৎপরবর্তীতে আরম্ভ হওয়া কোনো আয় বৎসরে।

অনুচ্ছেদ ৩১
অবসান

চুক্তি-সম্পাদনকারী কোনো রাষ্ট্র কর্তৃক অবসান না ঘটানো পর্যন্ত এই চুক্তি বলবৎ থাকিবে। চুক্তি-সম্পাদনকারী যেকোনো রাষ্ট্র অপর রাষ্ট্রকে কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে চুক্তি কার্যকর হইবার তারিখের ৫ (পাঁচ) বৎসর পর কোনো পঞ্জিকা বর্ষ সমাপ্ত হইবার কমপক্ষে ৬ (ছয়) মাস পূর্বে অবসানের নোটিশ দ্বারা চুক্তির অবসান ঘটাইতে পারিবে। এইরূপ ক্ষেত্রে চুক্তির কার্যকারিতা নিম্নরূপভাবে রহিত হইবে:

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে:

(অ) উৎসে কর্তিত করের ক্ষেত্রে, পরিশোধ ও জমার জন্য এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী জুলাই মাসের প্রথম অথবা তৎপরবর্তী দিবসে; এবং

(আ) আয়ের উপর আরোপিত অন্যান্য করের ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের তারিখের পরবর্তী জুলাই মাসের প্রথম অথবা তৎপরবর্তীতে আরম্ভ হওয়া কোনো আয় বৎসরে;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) ইসলামি প্রজাতন্ত্রী ইরানে:

(অ) উৎসে কর্তিত আয়করের ক্ষেত্রে, পরিশোধ ও জমার জন্য এইরূপ নোটিশ প্রদানের বৎসরের পরবর্তী পঞ্জিকা বৎসরের ফারভাদিন (সৌর হিজরি পঞ্জিকা) মাসের প্রথম দিবস মোতাবেক মার্চ মাসের ২০তম অথবা ২১তম দিবস অথবা তৎপরবর্তী দিবসে; এবং

(আ) আয়ের উপর আরোপিত অন্যান্য করের ক্ষেত্রে, এইরূপ নোটিশ প্রদানের বৎসরের পরবর্তী পঞ্জিকা বৎসরে ফারভাদিন (সৌর হিজরি পঞ্জিকা) মাসের প্রথম দিবস মোতাবেক মার্চ মাসের ২০তম বা ২১তম দিবস অথবা তৎপরবর্তীতে আরম্ভ হওয়া কোনো আয় বৎসরে।

অদ্য ০৮ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ, ২৩ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ এবং মেহের ১৬, ১৪০১ সৌর হিজরি তারিখে তেহরানে ইংরেজি, বাংলা এবং ফারসি ভাষায় প্রতিটি মূল দুই প্রস্থে সম্পাদিত হইল; এই চুক্তির প্রত্যেকটি পাঠই সমভাবে নির্ভরযোগ্য। তবে, ব্যাখ্যার ক্ষেত্রে কোনোরূপ বিরোধ সৃষ্টি হইলে, উহার ইংরেজি পাঠ প্রাধান্য পাইবে।

এই চুক্তির সাক্ষীস্বরূপ এতদ্‌বিষয়ে নিম্নস্বাক্ষরকারীগণ স্ব স্ব চুক্তি-সম্পাদনকারী রাষ্ট্র কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত হইয়া এই চুক্তি স্বাক্ষর করিলেন।

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান,
জাতীয় রাজস্ব বোর্ড
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে

ড. দাভুদ মানজুর
প্রেসিডেন্ট
ইরানিয়ান ন্যাশনাল ট্যাক্স অ্যাডমিনেস্ট্রেশন
মিনিস্ট্রি অব ইকোনোমিক এ্যাফেয়ার্স
এন্ড ফাইনান্স
ইসলামি প্রজাতন্ত্রী ইরান সরকারের পক্ষে

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(ইংরেজি পাঠ)

IN THE NAME OF ALLAH

AGREEMENT
BETWEEN

THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
AND

THE GOVERNMENT OF THE ISLAMIC REPUBLIC OF IRAN

FOR THE ELIMINATION OF DOUBLE TAXATION
WITH RESPECT TO TAXES ON INCOME
AND THE PREVENTION OF TAX EVASION AND AVOIDANCE

THE GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

AND

THE GOVERNMENT OF THE ISLAMIC REPUBLIC OF IRAN
Hereinafter referred to as "the Contracting States",

Desiring to further develop their economic relationship and to enhance their cooperation in tax matters,

Intending to conclude an Agreement for the elimination of double taxation with respect to taxes on income without creating opportunities for non-taxation or reduced taxation through tax evasion or avoidance (including also through treaty-shopping arrangements aimed at obtaining reliefs provided in this Agreement for the indirect benefit of residents of third States),

Have agreed as follows:

Article 1
PERSONS COVERED

This Agreement shall apply to persons who are residents of one or both of the Contracting States.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Article 2
TAXES COVERED

1. This Agreement shall apply to taxes on income imposed on behalf of a Contracting State or local authorities, irrespective of the manner in which they are levied.

2. There shall be regarded as taxes on income, all taxes imposed on total income, or on elements of income, including taxes on gains from the alienation of movable or immovable property and taxes on the total amounts of wages or salaries paid by enterprises.

3. The existing taxes to which the Agreement shall apply are in particular:

(a) in the case of the People's Republic of Bangladesh:

the income tax in accordance with the provisions of its domestic law;

(b) in the case of the Islamic Republic of Iran:

the income tax in accordance with the provisions of its domestic law.

4. The Agreement shall apply also to any identical or substantially similar taxes on income that are imposed under the laws of a Contracting State after the date of signature of the Agreement in addition to, or in place of, the existing taxes. The competent authorities of the Contracting States shall notify each other**,** to the extent required for the application of the Agreement, of any significant changes that have been made in their respective taxation laws.

Article 3
GENERAL DEFINITIONS

1. For the purposes of this Agreement, unless the context otherwise requires:

(a) the term "the People's Republic of Bangladesh" means all the territory of the People's Republic of Bangladesh and includes the territorial sea and airspace above it, as well as any other maritime zone in which the People's Republic of Bangladesh has sovereign rights, other rights and jurisdiction, according to Bangladesh Law and in accordance with international law, including the United Nations Convention on the Law of the Sea, 1982;

(b) the term "the Islamic Republic of Iran" means the territory under the sovereignty and/or jurisdiction of the Islamic Republic of Iran, including the land and its territorial sea, exclusive economic zone and continental shelf as well as the air space above them;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(c) the term “person” includes an individual, a company and any other body of persons;

(d) the term “company” means any body corporate or any entity that is treated as a body corporate for tax purposes;

(e) the terms "a Contracting State" and "the other Contracting State" mean the People’s Republic of Bangladesh or the Islamic Republic of Iran, as the context requires;

(f) the terms “enterprise of a Contracting State” and “enterprise of the other Contracting State” mean respectively an enterprise carried on by a resident of a Contracting State and an enterprise carried on by a resident of the other Contracting State;

(g) the term “international traffic” means any transport by a ship or aircraft operated by an enterprise of a Contracting State, except when the ship or aircraft is operated solely between places in the other Contracting State;

(h) the term “competent authority” means:

(i) in the case of the People’s Republic of Bangladesh, the National Board of Revenue or its authorized representative;

(ii) in the case of the Islamic Republic of Iran, the Minister of Economic Affairs and Finance or his authorized representative; and

(i) the term “national”, in relation to a Contracting State, means:

(i) any individual possessing the nationality of that Contracting State; and

(ii) any legal person, partnership, association or other entity deriving its status as such from the laws in force in that Contracting State.

2. As regards the application of the Agreement at any time by a Contracting State, any term not defined therein shall, unless the context otherwise requires, have the meaning which it has at that time under the law of that State for the purposes of the taxes to which the Agreement applies, any meaning under the applicable tax laws of that State prevailing over a meaning given to the term under other laws of that State.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Article 4
RESIDENT

1. For the purposes of this Agreement, the term "resident of a Contracting State" means any person who, under the laws of that State, is liable to tax therein by reason of his domicile, residence, place of incorporation or registration, place of management or any other criterion of a similar nature, and also includes that State or any local authority thereof. This term, however, does not include any person who is liable to tax in that State in respect only of income from sources in that State.

2. Where by reason of the provisions of paragraph 1 an individual is a resident of both Contracting States, then his status shall be determined as follows:

(a) he shall be deemed to be a resident only of the State in which he has a permanent home available to him; if he has a permanent home available to him in both States, he shall be deemed to be a resident only of the State with which his personal and economic relations are closer (center of vital interests);

(b) if the State in which he has his center of vital interests cannot be determined, or if he has not a permanent home available to him in either State, he shall be deemed to be a resident only of the State in which he has a habitual abode;

(c) if he has a habitual abode in both States or in neither of them, he shall be deemed to be a resident only of the State of which he is a national;

(d) if he is a national of both States, subject to domestic law, or of neither of them, or if under the previous paragraphs, he may not be deemed a resident of one of the Contracting States, then the competent authorities of the Contracting States shall settle the question by mutual agreement.

3. Where by reason of the provisions of paragraph 1 a person other than an individual is a resident of both Contracting States, the competent authorities of the Contracting States shall endeavour to determine by mutual agreement the Contracting State of which such person shall be deemed to be a resident for the purposes of the Agreement, having regard to its place of effective management, the place where it is incorporated or otherwise constituted and any other relevant factors. In the absence of such agreement, such person shall not be entitled to any relief or exemption from tax provided by this Agreement except to the extent and in such manner as may be agreed upon by the competent authorities of the Contracting States.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Article 5

PERMANENT ESTABLISHMENT

1. For the purposes of this Agreement, the term "permanent establishment" means a fixed place of business through which the business of an enterprise is wholly or partly carried on.

2. The term "permanent establishment" includes especially:

(a) a place of management;

(b) a branch;

(c) an office;

(d) a factory;

(e) a workshop;

(f) a mine, an oil or gas well, a quarry or any other place of exploration, extraction and/or exploitation of natural resources**;**

(g) a sales outlet; and

(h) a farm, plantation or other place where agriculture, forestry, plantation, or related activities are carried on.

3. The term "permanent establishment" also encompasses:

(a) a building site, a construction, assembly or installation project or supervisory activities in connection therewith, but only if such site, project or activities last or continue for more than 270 (two hundred and seventy) days;

(b) the furnishing of services, including consultancy services, by an enterprise through employees or other personnel engaged by the enterprise for such purpose, but only if activities of that nature continue (for the same or a connected project) within a Contracting State for a period or periods aggregating more than 183 (one hundred and eighty three) days within any 12 (twelve) month period.

4. An installation or drilling rig or ship used for the exploration of natural resources shall be deemed to constitute a permanent establishment, but only if the activities continue for more than 6 (six) months. Activities carried on by an enterprise closely related with another enterprise shall be regarded as carried on by the enterprise with which it is closely related if the activities in question:

(a) are substantially the same as those carried on by the last-mentioned enterprise; and

(b) are concerned with the same project or operation,
except to the extent that those activities are carried on at the same time.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

5. Notwithstanding the preceding provisions of this Article, the term "permanent establishment" shall be deemed not to include:

(a) the use of facilities solely for the purpose of storage or display of goods or merchandise belonging to the enterprise;

(b) the maintenance of a stock of goods or merchandise belonging to the enterprise solely for the purpose of storage or display;

(c) the maintenance of a stock of goods or merchandise belonging to the enterprise solely for the purpose of processing by another enterprise;

(d) the maintenance of a fixed place of business solely for the purpose of purchasing goods or merchandise, or of collecting information for the enterprise;

(e) the maintenance of a fixed place of business solely for the purpose of carrying on**,** for the enterprise, any other activity of a preparatory or auxiliary character;

(f) the maintenance of a fixed place of business solely for any combination of activities mentioned in sub-paragraphs (a) to (e):

provided that such activity or, in the case of subparagraph (f), the overall activity of the fixed place of business, is of a preparatory or auxiliary character.

6. The provisions of paragraph 5 shall not apply to a fixed place of business that is used or maintained by an enterprise if the same enterprise or a closely related enterprise carries on business activities at the same place or at another place in the same Contracting State and—

(a) that place or other place constitutes a permanent establishment for the enterprise or the closely related enterprise under the provisions of this Article; or

(b) the overall activity resulting from the combination of the activities carried on by the two enterprises at the same place, or by the same enterprise or closely related enterprises at the two places, is not of a preparatory or auxiliary character:

provided that the business activities carried on by the two enterprises at the same place, or by the same enterprise or closely related enterprises at the two places, constitute complementary functions that are part of a cohesive business operation.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

7. Notwithstanding the provisions of paragraphs 1 and 2 but subject to the provisions of paragraph 8, where a person is acting in a Contracting State on behalf of an enterprise and, in doing so, habitually concludes contracts, or habitually plays the principal role leading to the conclusion of contracts that are routinely concluded without material modification by the enterprise, and these contracts are:

(a) in the name of the enterprise; or

(b) for the transfer of the ownership of, or for the granting of the right to use, property owned by that enterprise or that the enterprise has the right to use; or

(c) for the provision of services by that enterprise,

that enterprise shall be deemed to have a permanent establishment in that Contracting State in respect of any activities which that person undertakes for the enterprise, unless the activities of such person are limited to those mentioned in paragraph 5 which, if exercised through a fixed place of business, would not make this fixed place of business a permanent establishment under the provisions of that paragraph. However, if a person acting in a Contracting State on behalf of an enterprise does not conclude contracts but habitually maintains in the first-mentioned State a stock of goods or merchandise from which he regularly delivers goods or merchandise on behalf of the enterprise, that enterprise shall be deemed to have a permanent establishment in that State.

8. The provisions of paragraph 7 shall not apply where the person acting in a Contracting State on behalf of an enterprise of the other Contracting State carries on business in the first-mentioned State as an independent agent and acts for the enterprise in the ordinary course of that business. Where, however, a person acts exclusively or almost exclusively on behalf of one or more enterprises to which it is closely related, that person shall not be considered to be an independent agent within the meaning of this paragraph with respect to any such enterprise.

9. Notwithstanding the preceding provisions of this Article, an insurance enterprise of a Contracting State shall be deemed to have a permanent establishment in the other Contracting State if it collects premiums in the territory of that other State or insures risks situated therein through a person other than an agent of an independent status to whom paragraph 8 applies.

10. The fact that a company which is a resident of a Contracting State controls or is controlled by a company which is a resident of the other Contracting State, or which carries on business in that other State (whether through a permanent establishment or otherwise), shall not of itself constitute either company a permanent establishment of the other.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

11. For the purposes of this Article, a person or enterprise is closely related to another enterprise if, based on all the relevant facts and circumstances, one has control of the other or both are under the control of the same persons or enterprises. In any case, a person or enterprise shall be considered to be closely related to another enterprise if one possesses directly or indirectly more than 50% (fifty percent) of the beneficial interest in the other [or, in the case of a company, more than 50% (fifty percent) of the aggregate vote and value of the company's shares or of the beneficial equity interest in the company] or if another person or enterprise possesses directly or indirectly more than 50% (fifty percent) of the beneficial interest [or, in the case of a company, more than 50% (fifty percent) of the aggregate vote and value of the company's shares or of the beneficial equity interest in the company] in the person and the enterprise or in the two enterprises.

Article 6

INCOME FROM IMMOVABLEPROPERTY

1. Income derived by a resident of a Contracting State from immovable property (including income from agriculture or forestry) situated in the other Contracting State may be taxed in that other State.

2. The term "immovable property" shall have the meaning which it has under the law of the Contracting State in which the property in question is situated. The term shall in any case include property accessory to immovable property, livestock and equipment used in agriculture or forestry, rights to which the provisions of general law respecting landed property apply, usufruct of immovable property and rights to explore for or exploit natural resources or standing timber, and rights to variable or fixed payments as consideration for the working of, or the right to work, mineral deposits, quarries**,** sources and other natural resources**,** including oil and gas; Ships, boats and aircraft shall not be regarded as immovable property.

3. The provisions of paragraph 1 shall apply to income derived from the direct use, letting, or use in any other form of immovable property.

4. The provisions of paragraphs 1 and 3 shall also apply to the income from immovable property of an enterprise and to income from immovable property used for the performance of independent personal services.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Article 7
BUSINESS PROFITS

1. The profits of an enterprise of a Contracting State shall be taxable only in that State unless the enterprise carries on business in the other Contracting State through a permanent establishment situated therein. If the enterprise carries on business as aforesaid, the profits of the enterprise that are attributable to the permanent establishment in accordance with the provisions of paragraph 2 may be taxed in that other State.

2. For the purposes of this Article and Article 23, the profits that are attributable in each Contracting State to the permanent establishment referred to in paragraph 1 are the profits it might be expected to make, in particular in its dealings with other parts of the enterprise, if it were a separate and independent enterprise engaged in the same or similar activities under the same or similar conditions, taking into account the functions performed, assets used and risks assumed by the enterprise through the permanent establishment and through the other parts of the enterprise.

3. In the determination of the profits of a permanent establishment, there shall be allowed as deductions expenses allowable under the provisions of the domestic law which are incurred for the purposes of the business of the permanent establishment**,** including executive and general administrative expenses so incurred, whether in the State in which the permanent establishment is situated or elsewhere. However, no such deduction shall be allowed in respect of amounts, if any, paid (otherwise than towards reimbursement of actual expenses) by the permanent establishment to the head office of the enterprise or any of its other offices, by way of royalties, fees or other similar payments in return for the use of patents, know-how, or other rights, or by way of commission or other charges, for specific services performed or for management, or, except in the case of a banking enterprise, by way of interest on moneys lent to the permanent establishment. Likewise, no account shall be taken, in the determination of the profits of a permanent establishment, for such payments**,** charged (otherwise than towards reimbursement of actual expenses), by the permanent establishment to the head office of the enterprise or any of its other offices, by way of royalties, fees or other similar payments in return for the use of patents or other rights, or by way of commission for specific services performed or for management, or, except in the case of a banking enterprise, by way of interest on moneys lent to the head office of the enterprise or any of its other offices.

4. No Profits shall be attributed to a permanent establishment by reason of the mere purchase by that permanent establishment of goods or merchandise for the enterprise.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

5. For the purposes of the preceding paragraphs, the profits to be attributed to the permanent establishment shall be determined by the same method year by year unless there is good and sufficient reason to the contrary.

6. A Contracting State shall make no adjustment to the profits that are attributable to a permanent establishment of an enterprise of one of the Contracting States after 6 (six) years from the end of the taxable year in which the profits would have been attributable to the permanent establishment. The provisions of this paragraph shall not apply in the case of fraud, gross negligence or wilful default of tax compliance obligations.

7. Where profits include items of income which are dealt with separately in other Articles of this Agreement, then the provisions of those Articles shall not be affected by the provisions of this Article.

Article 8
INTERNATIONAL SHIPPING AND AIR TRANSPORT

1. Profits of an enterprise of a Contracting State from the operation of aircraft or ships in international traffic shall be taxable in that State.

2. Profits of an enterprise of a Contracting State derived in the other Contracting State from the operation of ships in international traffic may also be taxed in the other Contracting State. However, the tax so charged in that other Contracting State on such income shall be at the flat rate of 4% (four percent), provided that in case of any changes in the domestic tax law of that State which result in a lower tax rate on shipping activity, or any lower rate agreed upon with any other State in this area, in that case, those profits shall be taxed at that lower rate.

3. The provisions of paragraphs 1 and 2, as the case may be, shall also apply to profits from the participation in a pool, a joint business or an international operating agency**,** but only to so much of the profits so derived as is attributable to the participant in proportion to its share in the joint operation**.**

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Article 9
ASSOCIATED ENTERPRISES

1. Where—

(a) an enterprise of a Contracting State participates directly or indirectly in the management, control or capital of an enterprise of the other Contracting State; or

(b) the same persons participate directly or indirectly in the management, control or capital of an enterprise of a Contracting State and an enterprise of the other Contracting State;

and in either case conditions are made or imposed between the two enterprises in their commercial or financial relations which differ from those which would be made between independent enterprises, then any profits which would, but for those conditions, have accrued to one of the enterprises, but, by reason of those conditions, have not so accrued, may be included in the profits of that enterprise and taxed accordingly.

2. Where a Contracting State includes in the profits of an enterprise of that State and taxes accordingly- profits on which an enterprise of the other Contracting State has been charged to tax in that other State and the profits so included are profits which would have accrued to the enterprise of the first-mentioned State if the conditions made between the two enterprises had been those which would have been made between independent enterprises, then that other State shall make an appropriate adjustment to the amount of the tax charged therein on those profits. In determining such adjustment, due regard shall be had to the other provisions of this Agreement and for this purpose the competent authorities of the Contracting States shall, if necessary, consult each other.

3. A Contracting State shall not include in the profits of an enterprise, and tax accordingly, profits that would have accrued to the enterprise but by reason of the conditions referred to in paragraph 1 have not so accrued, after 6 (six) years from the end of the taxable year in which the profits would have accrued to the enterprise. The provisions of this paragraph shall not apply in the case of fraud, gross negligence or willful default.

4. The provisions of paragraph 2 shall not apply where judicial, administrative or other legal proceedings have resulted in a final ruling that by actions giving rise to an adjustment of profits under paragraph 1, one of the enterprises concerned is liable to penalty with respect to fraud, gross negligence or wilful default.

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Article 10
DIVIDENDS

1. Dividends paid by a company which is a resident of a Contracting State to a resident of the other Contracting State may be taxed in that other State.

2. However, such dividends may also be taxed in the Contracting State of which the company paying the dividends is a resident and according to the laws of that State, but if the beneficial owner of the dividends is a resident of the other Contracting State, the tax so charged shall not exceed:

